Lambton and Dr. Voysey were both very talented men. This was a very remarkable coincidence, that not only did these pioneers of Indian Science work together with unsurpassed energy and ability, but that they died in the same year under similar strange circumstances in the year 1823. Undoubtedly this reflects no little credit on the Honourable East India company in undertaking the measurement of arc and the starting point of geological survey in India. This paper was published in the *Asiatic Researches* in No. 3 of the year 1820. Lt. Warren was one of the Chief Assistants of Lambton's work. He performed a number of interesting experiments in the Maisur country in 1804 which were summarised in the Ninth volume of the *Asiatic Reseraches*. He also instituted a series of valuable astronomical observations at Madras between 1805 and 1815. He regularly communicated those observations to the Society. James Calder, Vice President of the Physical Committee of the Asiatic Society once communicated in his paper entitled "General Observations on the Geology of India" in the eighth volume of the *Asiatic Reseraches* in the year 1805 a befitting tribute to the memory of Voysey.

William Lambton was made a fellow of the Royal Society and a corresponding member of the French Academy of Sciences in the year 1817. A narrow ridge above the Bhavani Valley along the Nilgiris is named after as Lambton's Peak Range. A commemorative bust of William Lambton was placed at St. Thomas Mount, Chennai, India in 2003. William Lambton died in January, 1823 at the age of 70 at Thinganghat.

বিপ্লবী অরবিন্দ ও বাংলার গুপ্ত সমিতি

রবীন্দ্রকুমার শীল


সদস্য, দি এশিয়াটিক সোসাইটি

১৮৯৯ সালে জাপানি চিত্রশিল্পী ওকাকুরা এসেছিলেন ভারত সফরে। কলকাতায় সেই সময়ে সংস্কৃতি কেন্দ্র ছিল জোড়াসাঁকোর ঠাকুর বাড়ি। বাংলার নবজাগরণের ক্ষেত্রে এই বাড়ির ভূমিকা প্রাণিধানযোগ্য। তিনি কলকাতায় এলে তাঁকে সম্বর্ধনা দেওয়ার ব্যবস্থা করা হয়। এই সভার আয়োজন করেছিলেন ব্যারিস্টার প্রমথনাথ মিত্র এবং তেঘড়িয়ার জমিদার

শশীভূষণ রায় চৌধুরী। তরুণ কবি দ্বিজেন্দ্রলাল রায় এবং সাহিত্যিক যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণও এই সভায় অংশগ্রহণ করেছিলেন। সভায় উপস্থিত সকলের কাছে চিত্রশিল্পী ওকাকুরা একটি প্রশ্ন করেছিলেন, “ভারতের মহান ঐতিহ্য সত্ত্বেও আজ এদেশ পরাধীন কেন, আর সাহিত্যিকরাই বা কেন এ পরাধীনতা মোচনে নিশ্চিষ্ট?” (অগ্নিযুগ)। এই মৃদু ভৎসনা প্রমথনাথের মনকে আঘাত করে। সভার পরে তিনি শিল্পী ওকাকুরার সঙ্গে এই বিষয়ে আলোচনা করেন। এরপর দীর্ঘদিন ধরে এই বিষয়ে আলোচনা চলতে থাকলো। শেষ পর্যন্ত স্থির করা হল যে স্বাধীনতা অর্জনের জন্য আগে একদল শক্ত মানুষ তৈরি করতে হবে। এর ফলে দোল পূর্ণিমার দিন ১৯০২ সালে ‘বিপ্লবী অনুশীলন সমিতি’ প্রতিষ্ঠিত হল। সভাপতি হলেন পি. মিত্র, সহ-সম্পাদক হলেন ব্যারিস্টার চিত্তরঞ্জন দাশ। তখনও তিনি দেশবন্ধুরূপে পরিচিতি লাভ করেননি।



শ্রীঅরবিন্দ



বারীন্দ্রকুমার ঘোষ।

কোষাধ্যক্ষ হলেন সুরেন্দ্রনাথ ঠাকুর, সম্পাদক হলেন সতীশচন্দ্র বসু।

"Around 1900, the Atmonnati Samati of Calcutta started by Satish Mukherjee and Nibaran Bhattacharya grew into a revolutionary group under the leadership of Bipin Behari Ganguly. This group used to work in cooperation with the Anushilan Samiti, which was founded in Calcutta in 1902 with barrister Pramatha Nath Mitra as president and Chittaranjan Das and Aurobindo Ghose (later Rishi Aurobindo of Pandicherry) as vice-presidents, and the Jugantar Dal, when it came into being as an off-stood of the Anushilan Samity in 1906 on the insistence of Aurobindo's maverick brother, Barin Ghosh. The Anushilan

Samity formed a branch in Dacca in 1906, which soon emerged as an active and Independent organisation in 1907 under the able and charismatic leadership of Pulin Behari Das (1877-1949). There was another active revolutionary group –the Sarathi Yubak Mondali, that "was perhaps second only in importance to the Anushilan Samity for the numbers of persons included in its ranks who actually took part in the crimes of violence" (*Kolkata and its police - A history of City Police from Charnock's to Present Day*, p. 300-301)."

বিবেকানন্দ এই সমিতির সঙ্গে কোন সম্পর্ক গড়ে তুলতে পারেননি। তার কারণ দুই তিন মাস পরেই স্বামীজী দেহত্যাগ করেছিলেন। কিন্তু তাঁর যোগ্য শিষ্যা ভগিনী নিবেদিতা এই গুপ্ত সমিতির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত ছিলেন। সমিতিতে বিভিন্ন সময়ে এসে যুবকদের স্বাধীনতা চেতনায় উদ্বুদ্ধ করতেন। সমিতির বিপ্লবী কাজকর্ম অব্যাহত রাখার জন্য স্বাধীনতা সংক্রান্ত নিজের সংগ্রহ থেকে দুশোটি মূল্যবান বই দিয়েছিলেন। অনুশীলন পরিচালক সমিতির পাঁচজনের মধ্যে তিনি ছিলেন একজন। ১৯০৩ সালে গায়কোয়াড় সায়েজী রাও কর্তৃক আমন্ত্রিত হয়ে তিনি বরোদায় গিয়েছিলেন। স্টেশনে তাঁকে অভ্যর্থনা করে নিয়ে যাওয়ার জন্য যাঁরা এসেছিলেন তাঁদের মধ্যে অরবিন্দ একজন ছিলেন। বরোদাতে যে কদিন ছিলেন ভগিনী নিবেদিতা সেই কদিন বিপ্লবী আন্দোলন নিয়ে আলোচনা হত। নিবেদিতা সেই সময়ে গায়কোয়াড়ের কাছে প্রস্তাব দিয়েছিলেন ভারতের সশস্ত্র বিপ্লবী সংগঠনে তাঁকে সাহায্য করতে চান। তিনি বলেছিলেন, এ সম্পর্কে কোনও কথা বলতে গেলে অরবিন্দের মাধ্যমে তা করতে হবে। তবে শ্রীঅরবিন্দ বলেন, “গায়কোয়াড় সায়েজী রাও নিবেদিতার কথা শুনে মৌন ছিলেন এবং পরে অরবিন্দের নিকট এ প্রসঙ্গ কখনও উত্থাপন করেননি।” এ প্রসঙ্গে শ্রীঅরবিন্দ বলেন যে “নিবেদিতা বরোদায় গিয়েছিলেন কিনা তাঁর স্মরণ নেই। তবে তিনি সেখানে কয়েকদিন রাজকীয় অতিথি হিসাবে ছিলেন।” এ প্রসঙ্গে অরবিন্দ লিখছেন— "We spoke of politics

and other subjects. I was very much enamoured at the time of her book. 'Kali the Mother' and I think we spoke of that, she had heard, she said, that I was a worshipper of force, by which he meant that I belonged to the secret revolutionary party like herself. I was present at her interview with the Maharaja whom she invited to support the secret revolution. She told him that he could communicate with her through me. (*Aurobindo on himself and Mother* p.97) ভগিনী নিবেদিতাকে নিয়ে বিপ্লবী সমিতির প্রসঙ্গে শ্রীঅরবিন্দ আরও বলেন— "After I had started revolutionary work in Bengal through certain emissaries (যতীন্দ্রনাথ ও বারীন্দ্র), I went there personally to see and arrange things myself. I found a number of small groups of revolutionaries that had recently sprung into existence but all scattered and acting without reference to each other. I tried to unite them under a single organisation with the barrister P. Mitra as the leader of the revolution in Bengal and central council of five persons, one of them being Nivedita, was formed. The work under P. Mitra spread enormously and finally contained tens of thousands of youngmen and the spirit of revolution spread by Barin's paper Yugantar became general in young generation. (*Aurobindo on Himself and the Mother*)"

অনেকেই ধারণা করে বৈপ্লবিক সংগঠন মহারাষ্ট্র থেকে বাংলায় এসেছিল। কিন্তু অরবিন্দর কথাতেই বুঝতে পারা গিয়েছে এটা সম্পূর্ণ সত্য নয়। শ্রীঅরবিন্দ বলেন, তিনি মহারাষ্ট্রের বৈপ্লবিক সংগঠনের সংস্পর্শে আসেন ১৯০২-০৩ সালে। কিন্তু তার আগেই বাংলায় বিপ্লবী সংগঠন ‘অনুশীলন সমিতি’ প্রতিষ্ঠিত হয়ে গিয়েছিল। সুতরাং ‘মহারাষ্ট্র সমিতি’তে যোগ দেওয়ার পূর্বেই বাংলায় ‘অনুশীলন সমিতি’ প্রতিষ্ঠা হয়ে গিয়েছিল সে সম্পর্কে কোনও

সংশয় নেই। বারীন্দ্রকুমার এ সম্পর্কে সে কথাই বলেছেন। শ্রীঅরবিন্দের নির্দেশে যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রথমে বাংলায় আসেন এবং পি মিত্রের সভাপতিত্বে প্রতিষ্ঠিত ‘অনুশীলন সমিতি’তে যোগদান করেন। এ সম্পর্কে অরবিন্দ লিখছেন—

"It was not only of his friends in Baroda and in Bombay who went to Bengal on his behalf. His first emissary was a young Bengali who had by the help of Sri Aurobinda's friends in the Boroda Army enlisted as trooper in the cavalry regiment inspite of the prohibition by the British Government of the enlistment of any Bengali in army in India. This man was exceedingly energetic and capable, formed a first group in Calcutta which grew rapidly (afterwards many branches were established); He also entered into relations with P. Mitra and other revolutionaries already at work in the Province. He was afterwards joined by Barin who had in interval came to Baroda. (*Aurobindo on Himself and the Mother*, p. 28)"

শ্রীঅরবিন্দ যখন বরোদায় ছিলেন তখন তিনি নিবেদিতার কাছ থেকেই বিপ্লবী সংগঠন ‘অনুশীলন সমিতি’র প্রতিষ্ঠার কথা জানতে পারেন। মারাঠা দেশ এবং বাংলায় একসঙ্গে যাতে সশস্ত্র আন্দোলন চলতে পারে সেই জন্য শ্রীঅরবিন্দ বাংলায় কাজ করতে পাঠান যতীন্দ্রনাথকে। অরবিন্দ যতীন্দ্রনাথের হাতে সরলা দেবীর নাম করে একটি পত্র দেন। যতীন্দ্রনাথ বাংলায় এসে পি মিত্রের সঙ্গে পরিচিত হলেন। এ সম্পর্কে বারীন্দ্রকুমার লিখছেন—

“যতীনদা ব্যারিস্টার পি মিত্রকে কেন্দ্র করে সুকিয়া স্ট্রিট থানার কাছে ১০২নং সাকুলার রোডের বাড়িতে গুপ্ত সমিতির প্রথম কেন্দ্রের গোড়াপত্তন করলেন। অরবিন্দের কাছে দীক্ষা নিয়ে আমি এই কেন্দ্রে আসি ১৯০৩ সালের গোড়ায়, যতীনদার বাংলায় আসার ছ’মাস পরে (*অগ্নিযুগ*)।”

বাংলায় বিপ্লবী যুগের প্রাণ প্রতিষ্ঠা করেছিলেন যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় সে কথা আজকে বহু লোকই জানেন না। ১৯৩০ সালে ৮ সেপ্টেম্বর

বরাহনগরে তিনি দেহত্যাগ করেছিলেন। তখন তাঁর নাম ছিল নিরালম্ব স্বামী। বিপ্লবী জীবন ত্যাগ করে যতীন্দ্রনাথ পরে সন্ন্যাসধর্ম গ্রহণ করে যোগী পুরুষে পরিণত হয়েছিলেন যা আমরা পরবর্তীকালে বিপ্লবী অরবিন্দের মধ্যে দেখতে পাই।

বরোদায় শ্রীঅরবিন্দের সঙ্গে যাঁরা গুপ্ত সমিতিতে কাজ করেছেন, তাঁদের মধ্যে সিভিলিয়ান মাডগাওকার ছিলেন একজন। আর একজন ছিলেন কেশব রাও, গণেশ রাও দেশপাণ্ডে। বরোদার সেনা বাহিনীর দুই চারজন সেনাও এর সঙ্গে যুক্ত ছিলেন বলে বারীন্দ্রকুমার উল্লেখ করেছেন।

বারীন্দ্রকুমার দীক্ষা গ্রহণের পরে ১৯০১ সালে জাতীয় কংগ্রেসের অধিবেশন হল আমেদাবাদে। সভাপতি হয়েছিলেন রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়। সেই অধিবেশনে অরবিন্দের সঙ্গে যোগ দিয়েছিলেন বারীন্দ্রকুমার। অধিবেশনের দ্বারোদ্ঘাটন করেছিলেন মহারাজা সায়জী রাও গায়কোয়াড়। তাঁর বক্তৃতা অরবিন্দ লিখে দিয়েছিলেন। বারীন্দ্রকুমারকে সঙ্গে নিয়ে অরবিন্দ মুম্বাইয়ের ‘সুখগেহ’ হোটেলে গিয়ে উঠলেন। ভাবী বিপ্লবী সংগঠন সম্পর্কে আলোচনা বৈঠক বসল ‘তাজমহাল’ হোটেলে। সেখানে উপস্থিত ছিলেন মাডগাওকার। স্থির হল, খাসিয়া ও যাদবের কনিষ্ঠ ভ্রাতা মাধব রাও যাদবকে অস্ত্র শিক্ষার জন্য জাপানে পাঠানো হবে। এর সম্পূর্ণ ব্যয় ভার বহন করতে সম্মত হয়েছিলেন মাডগাওকার। এই আলোচনা সভায় বারীন্দ্রকুমার কোন কথাও বলেননি। তিনি চুপ করেছিলেন। মাধব রাও জাপানে গিয়েছিলেন এবং সেখানে সামরিক শিক্ষা সম্পন্ন করেছিলেন। কিন্তু ভারতীয় সশস্ত্র বিপ্লবের সঙ্গে তিনি পরবর্তীকালে কোনও সম্পর্কই রাখেননি।

বরোদার গুপ্ত সমিতির নেতা ছিলেন ঠাকুর সাহেব। অনেকের ধারণা ইনি রাজপুতানা বা মধ্যপ্রদেশের কোনও করদ রাজ্যের নরপতি। স্থির হয়েছিল, ভাবী নিখিল ভারত প্রজাতন্ত্রে ইনি হবেন দেশপতি বা প্রেসিডেন্ট। তাঁকে কেন্দ্র করেই কাজ চলছিল পশ্চিম ভারতের সর্বত্র। কর্মীদের কাছে তিনি ছিলেন একজন রহস্যময় পুরুষ। তাঁর সংগঠন পশ্চিম ভারতের বিভিন্ন সার্কেলে বিভক্ত ছিল। প্রত্যেক সার্কেলের জন্য এক একজন দেশপতি তিনি নির্বাচিত করতেন। শ্রীঅরবিন্দ ছিলেন গুজরাট সার্কেলের সভাপতি। বাংলার সঙ্গে সংযোগ স্থাপনের

পর পি মিত্র বাংলার প্রদেশপতি হয়েছিলেন বলে জানতে পারা গিয়েছে। ঠাকুর সাহেব প্রচ্ছন্ন হয়ে ছদ্মবেশে সর্বত্র ঘুরে বেড়াতেন। দাক্ষিণাত্য ও গুজরাটের বহু স্থানের সেনাবাহিনীতে তাঁর লোকজন ছিল। সংগঠনের বিপ্লবীদের সকলেরই ধারণা ছিল যে সমগ্র ভারতে ঠাকুর সাহেবের সংগঠনের শাখা রয়েছে আর পর্বত অরণ্যে সহস্র সহস্র নাগাসাধু সন্ন্যাসীর দল অস্ত্রশস্ত্র নিয়ে প্রস্তুত হয়ে আছে। তাঁর পেছনে রয়েছেন ভারতের দেশীয় রাজন্যবর্গ। ইঙ্গিত পাওয়া মাত্র একদিন তাঁরা মহাসমরে নেমে পড়বেন। ভারতের সশস্ত্র মহাবিপ্লব সফল হতে কতক্ষণ! ঠাকুর সাহেব সম্পর্কে শ্রীঅরবিন্দ লিখেছেন— "The Rajput leader was not a prince but a noble of the Udaipur State with the title of Thakur. The Thakur was not a member of the (revolutionary) council of Bombay; he stood above it as the leader of the whole movement while the council helped him to organise Maharashtra and the Marhatta states. He himself worked principally upon the Indian Army of which he had already won over two or three regiments. Sri Aurobindo took a special journey into Central India to meet and speak with Indian sub-officers and man of one of this regiment (*Aurobindo on Himself and the Mother*, p. 29)"

বাংলায় অরবিন্দের নেতৃত্বাধীন যে বিপ্লবী সংগঠন গড়ে উঠেছিল তা প্রথমে 'অনুশীলন সমিতি' থেকে আলাদা ছিল না। মহারাষ্ট্র সংগঠনের নির্দেশানুযায়ী তিনি যে বাংলায় বিপ্লবী কাজকর্ম করতে এখানে সংগঠন গড়ে তুলেছিলেন তাও নয়। বাংলায় যে বিপ্লবী সংগঠন গড়ে উঠেছিল সেটা বাংলার বিপ্লবীদের চিন্তাধারার ওপরে ভিত্তি করে। সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রচিত *আনন্দমঠ* উপন্যাসটি বাংলায় বিপ্লবী সংগঠন গড়তে প্রেরণা জুগিয়েছিল। তাঁর রচিত 'বন্দেমাতরম' সঙ্গীতটি বিপ্লবীদের কাছে জাতীয়সঙ্গীত রূপে দেখা দিল। বাংলার বিপ্লবীরা আখড়ায় এই গানটি অনুশীলন করার আগে এবং পরে গেয়ে থাকতেন। তবে এটা ঠিক যে মহারাষ্ট্রের দীক্ষা গ্রহণের আদর্শ

বাংলার সংগঠনে প্রবেশ করেছিল।

রুশ-জাপান যুদ্ধ আরম্ভ হলে ঠাকুর সাহেব ওই যুদ্ধে অংশগ্রহণ করতে জাপান গিয়েছিলেন। সেখান থেকে আর ফেরেননি। সকলের ধারণা হয়েছিল যে তিনি ওই যুদ্ধে নিহত হয়েছেন। বাংলার সশস্ত্র বিপ্লবী সংগঠনকে চাঙ্গা করতে এসে উপস্থিত হলেন যতীন্দ্রনাথ। সংগঠনে ব্যারিস্টার উকিল এসে যোগ দেওয়ার ফলে আকৃষ্ট হচ্ছিল না যুবকেরা। অরবিন্দ সিদ্ধান্ত গ্রহণ করলেন বাংলায় বারীন্দ্রকুমারকে পাঠিয়ে বিপ্লবী সংগঠনকে চাঙ্গা করতে হবে। সেই জন্যই বারীন্দ্রকুমারকে দীক্ষা দিয়ে বাংলায় পাঠালেন। এ সম্পর্কে বারীন্দ্রকুমার লিখেছেন— "শ্রীঅরবিন্দের আশীর্বাদ মাথায় নিয়ে ষাট-সত্তর টাকার নোট পকেটে গুঁজে, একটা ছোট বিছানা ও ক্যানভাসের ব্যাগ হাতে আমি একদিন সুপ্রভাতে যাত্রা করলাম আমার আরাধ্যা শ্যামা বঙ্গভূমির উদ্দেশ্যে—সে হচ্ছে বোধহয় ১৯০৩ সাল। সে এক রোমাঞ্চকর অনির্দিষ্টের পথে আমার এরকম নিরুদ্দেশ যাত্রা, কারণ এখন থেকে আমার চলাফেরা কাজকর্ম সবই হবে লোকচক্ষুর অগোচরে—একরকম বলতে গেলে মাটির তলার সুড়ং কেটে। চোখে আমার রঙ্গীন নেশা, দেহে যৌবন উচ্ছল উন্মাদ রক্তের নাচন, মাথায় আকুমারিকা-হিমাচল-ভারতে প্রতিষ্ঠিত এক অপূর্ব ভাবী মুক্ত গণতন্ত্রের মোহকারী স্বপ্ন।" (*বিপ্লবী বারীন্দ্রকুমার*, পৃ. ৬৪)।

ডক্টর তপন চট্টোপাধ্যায় কলকাতা পুলিশ ইতিহাস সংক্রান্ত একটি বইতে বিপ্লবী অরবিন্দের কলকাতা আগমন সম্পর্কে লিখেছেন, "Around this time he had come under the influence of Bal Gangadhar Tilak and Sister Nivedita. Later, in 1906 he came to Calcutta having left his job in Baroda and made a common cause with Talak at the Sural Session of the Congress (1907) by advocating the hard-line approach to attaining complete independence, as against the moderates' strategy of obtaining greater participation in gemmence by willful cooperation with the sytem. This unprecedented, open difference in viewpoints led to a virtual

split in the party for sometime." (*Kolkata & Its Police – A History of City Police from Charnock's to Present Day*, p. 322).

বিপ্লবী অরবিন্দ বাংলায় বিপ্লবী আন্দোলন সংগঠিত করার আগে কংগ্রেসের ওপরে বড় ধরনের ভরসা করেছিলেন। কিন্তু তিনি সুরাট কংগ্রেস অধিবেশনে যোগ দিয়ে বুঝতে পারলেন যে কংগ্রেসের দ্বারা বিপ্লবী আন্দোলন সম্ভব হবে না। কংগ্রেস তখন পূর্ণ স্বাধীনতার ডাক দিতে পারেনি এবং সেইভাবে কংগ্রেস দলের কর্মী বা সমর্থকদের প্রস্তুত করতে পারেনি। কংগ্রেসের দলের অবস্থা দেখে হতাশ হয়েছিলেন বিপ্লবী অরবিন্দ। সেই কারণে তিনি বাংলায় চলে এলেন। তিনি কংগ্রেস সম্পর্কে সেই সময়ে যে ধরনের চিন্তা করেছিলেন সে সম্পর্কে উক্তর তপন চট্টোপাধ্যায় লিখছেন— "Aurobindo considered the Indian National Congress to be a party 'which represents not the mass of the population, but a single and very limited class, (and) could not honestly be called national'. He wrote on the party-line followed by the congress in the weekly *Induprakash* ('Appearance of the Moon'), which was edited by K.G. Deshpande, his friend from the Cambridge days, in the following manner." "Our enemy is not any force exterior to ourselves, but our own crying weaknesses, our cowardice, our selfishness, our hypocrisy, our purblind sentimentalism', adding that "I say, of the Congress, then this that its aims are mistaken, that the spirit in which it proceeds towards their accomplishment is not a spirit of sincerity and whole-heartedness, and that the methods it has chosen are not the right methods, and the leaders in whom it trusts are not the sort of men to be leaders, in brief, that we are at present the blind led, if not by the blind, at any rate by the one-eyed." (*Kolkata & Its Police – A History of City Police from Charnock's to*

Present Day, p. 322-23).

বিপ্লবী আন্দোলন এবং পূর্ণ স্বাধীনতা দাবি নিয়ে অরবিন্দ যেসব লেখা লিখতে শুরু করে দিয়েছিলেন ইন্দুপ্রকাশ পত্রিকায় তা বন্ধ করে দেওয়া হল কংগ্রেস দলের পক্ষ থেকে। বলা হল কংগ্রেসের লাইন বিরুদ্ধ রাজনৈতিক লেখা প্রকাশ করা যাবে না। সশস্ত্র সংগ্রাম করার ডাক দিয়েছিলেন অরবিন্দ সেই সব লেখাগুলোতে। তার ফলে রাজনৈতিক উত্তেজনা বৃদ্ধি পেতে থাকে যা কংগ্রেসী নীতির বিরুদ্ধ মত বলে প্রকাশ পায়। "His series of articles in *Induprakash* under the caption 'New Lamps for the Old' created much flak for the Congress that the party 'persuaded' the weekly to stop his writings on politics. This was the beginning of intra-party dissensions and pliticking to capture power and to hold on to it in Indian's biggest political party, which came to stay throughout the British period and also after independence. The Intelligence department of the government, which was caught on the wrong foot for not being able to indentify and locate the terrorist network in Calcutta in its offing, worked overtime to fish in the troubled water subsequently in a bid to undermine the freedom movement" (*Kolkata & Its Police – A History of City Police from Charnock's to Present Day*, p. 323).

কংগ্রেস দলের তখন লক্ষ্য ছিল শুধু পূর্ণ স্বাধীনতা পাওয়া নয়। ব্রিটিশ সরকারের কাছ থেকে দাবি আদায় করা। দাবিদাওয়া আদায়ের মধ্যে দিয়ে কংগ্রেস দল তখন পরিচালিত হচ্ছে। ফলে তার মধ্যে দিয়ে বিপ্লবী অরবিন্দ সশস্ত্র বিপ্লব করার কোনও স্বাদ খুঁজে পেলেন না। তিনি তখন থেকেই সিদ্ধান্ত গ্রহণ করে নিয়েছিলেন যে বাংলায় গিয়ে গুপ্ত সমিতি তৈরি করে সশস্ত্র সংগ্রাম করার জন্য প্রস্তুতি গ্রহণ করতে হবে। পাশে পেয়ে গেলেন নিবেদিতা এবং সরলাদেবী ঘোষালকে। এদের উৎসাহে অরবিন্দের বিপ্লবী চেতনা জাগ্রত হতে থাকল। তাঁর সব সময়ে সঙ্গী

ছিলেন অরুণ কুমারী বারীন্দ্রকুমার ঘোষ। ফলে গুপ্ত সমিতি তৈরি করা কোনও ব্যাপার হয়ে থাকল না। অরবিন্দ নেতৃত্ব দিতে থাকলেন আর বারীন্দ্রকুমার সংগঠনের শ্রীবৃদ্ধি এবং তাকে মজবুত করার দিকে মন দিলেন। আসলে আগে থেকে বাংলার অভিজাত সম্প্রদায়ের মধ্যে এই প্রবণতা বেশি করে দেখতে পাওয়া গিয়েছিল যে ভারত থেকে বিদেশি শক্তিকে বিভাচিত করতে হবে। বিপ্লবী অরবিন্দের সশস্ত্র সংগ্রাম বাংলার অভিজাত সম্প্রদায়ের মধ্যে গিয়ে আটকে পড়েছিল। ফলে তা গণ আন্দোলনে পরিণত হতে পারেনি। দেশে অভিজাত সম্প্রদায়ের মধ্যে গুপ্ত সমিতির কাজ সীমাবদ্ধ হয়ে থাকার ফলে ইংরেজদের পক্ষে একে অতি সহজেই দমন করে দেওয়া সম্ভব হয়েছিল। সংগঠনের মাধ্যমে প্রকাশ্য গণ আন্দোলন করলে অরবিন্দকে রোখা ইংরেজদের পক্ষে সম্ভব হতো না, এটা স্বীকার করেছিলেন লর্ড লিটন। প্রকাশ আন্দোলন করলে বিপ্লবী অরবিন্দের সশস্ত্র সংগ্রামকে রোখা খুবই অসম্ভবে পরিণত হতো।

"From the secret information given by one of the members of the party in the Muraripukur garden case (1908), which was also known as the Alipore bomb conspiracy, the police came to learn that round 1900 it was decided at a clandestine meeting attended by Pramathanath Mitra, a high court barrister, Sarala Devi Ghosal and Japanese intellectual and critic, Kakuzo Okakura, to start secret societies with aim of assassinating officials and supporters of the Government. There were others like Satish Mukherjee, Nibaran Bhattacharya, Abinash Chakraborty (who was nusiff of Eastern Bengal and Assam) and a great many barristers, scribes, scholars, land owners and common people who secretly desired to have an end to the foreign rule and were willing to contribute their mite to achieve this object." (*Kolkata & Its Police – A History of City Police from Charnock's to Present Day*, p. 323).

বাংলার সশস্ত্র আন্দোলনে ভগিনী নিবেদিতার

অবদান কম ছিল না। তাঁর উৎসাহে বাংলায় এসে বিপ্লবী সমিতিতে নেতৃত্ব দেওয়ার কথা চিন্তা করেছিলেন অরবিন্দ। সেই কারণে তিনি বারীন্দ্রকুমারকে কলকাতায় পাঠান গুপ্ত সমিতির পরিবেশ প্রস্তুত করতে। এর সঙ্গে আর একজন মহিলাও জড়িয়ে রয়েছেন তার নাম হল সরলা দেবী ঘোষাল। তিনিও বাংলায় গুপ্ত সমিতি গড়ে তোলার পক্ষে সাহায্য দিয়েছিলেন। তাঁকে উদ্দেশ্য করে লেখা একটি চিঠি আলিপুর বোমা ষড়যন্ত্র মামলায় ম্যাজিস্ট্রেটের কাছে পেশ করা হয়েছিল। সেই চিঠিতে সরলা দেবী ঘোষালের কাজে বিস্তারিত বিবরণের ছবিটা পরিষ্কার ধরা পড়ে : "A most interesting appreciation of Sarala Devi Ghosal, who had been requested by Swami Vivekananda to renounce the world and take up the cause of Indian women, but who married Rambhoj Dutta Chowdhury, an aristocratic Punjabi pleader, rather than late in life, was found in a letter written by noted revolutionary, Surendra Mohan Bose, of the Jugantar Dal to Aurobindo Ghosh. The latter was seized by the police and exhibited in the Alipore bomb case (1908) and read us : "Srimati Sarala Devi is a writer, a speaker and reformer. Besides her literary contributions she always took a leading part in the field of practical politics. She was the first lady to form associations of boys in the country for developing their poor physique and infusing into their hearts a feeling of unity, patriotism and self-devotion. She was the first to introduce hero-worship in the land. Her field of work has been mainly political and no woman has ever wielded a greater power over the boys and men of her country. She has devoted her life to the cause of the political progress of her country, and she has played no inconsiderable part in the advancement of her cause."

The new life with which the views of the whole Bengali race are pulsating at the present time is to a certain extent the outcome of her devoted exertions in that line. Her name is thus connected inseparably with the present political and national history of Bengal." (*Kolkata & Its Police – A History of City Police from Charnock's to Present Day*, p. 323).

বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের আগে থেকে ভারত থেকে শ্বেতাঙ্গদের বিতাড়িত করতে হবে সেই চিন্তাধারা বাংলার অভিজাত সম্প্রদায়ের মধ্যে এসে গিয়েছিল। তখন সেটা সবার মধ্যে বিস্তার লাভ করেনি। ১৯০৫ সালে বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের মধ্যে দিয়ে সর্বস্তরে পৌঁছে এই বার্তা পৌঁছে গেল বিদেশি শাসন আর চাই না। এই শাসন দেশভাগ করতে শেখায়। বাংলাকে ভাগ করতে গিয়ে ব্রিটিশ সরকার পরোক্ষভাবে বাংলায় সাধারণদের মধ্যে ব্যাপকভাবে জাতীয় চেতনার প্রসার করাতে সাহায্য করলো যা পরবর্তীকালে বাংলার সশস্ত্র আন্দোলনের মধ্যে দিয়ে ফুটে উঠতে থাকে। বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন জাতীয় চেতনার প্রসার ঘটায়। সেখানে এসে দেশাত্মবোধের বীজ রোপন করতে থাকেন অরবিন্দ ঘোষ। দেখতে পাওয়া গেল যে "Around the same time in 1900 an association named Atmonnati Samiti came into being in Calcutta at the initiative of Satish Mukherjee and Nabarun Bhattacharya, which grew into an active revolutionary group under the leadership of Bipin Bihari Ganguly within a few years." (*Kolkata & Its Police – A History of City Police from Charnock's to Present Day*, p. 324).

বাংলায় অরবিন্দের নেতৃত্বাধীনে যে বিপ্লবী সংগঠন গড়ে উঠেছিল তাও প্রথমে অনুশীলন সমিতি থেকে আলাদা ছিল না। মহারাষ্ট্র সংগঠনের নির্দেশানুযায়ী যে তিনি এখানে সংগঠন গড়তে এসেছিলেন তাও নয়। এ সম্পর্কে লিখেছেন— "Sri Aurobindo had met a member of the Secret Society in Western India and take the oath of the society and

had been introduced to the council of Bombay. His future action was not pursued in the directions of the council but he took up on his own responsibility the task of generalising support for its objects in Bengal where as yet it had no membership or following. He spoke of the society and its aims to P. Mitra and other leading men of the revolutionary group in Bengal and they took the oath of the society and agreed to carryout its objects on the lines suggested by Sri Aurobindo." (*Aurobindo on Himself and the Mother* p. 29) সম্ভবত এইভাবেই মহারাষ্ট্র সম্মেলনের দীক্ষা গ্রহণের আদর্শ বাংলা সংগঠনেও প্রবেশ করেছিল। রুশ-জাপান যুদ্ধ আরম্ভ হবার পরে ঠাকুর সাহেব ওই যুদ্ধে জাপানের সঙ্গে যোগ দেবেন বলে জাপান যাত্রা করেন। সেখান থেকে তিনি আর ফেরেননি। সকলের ধারণা, তিনি ওই যুদ্ধে নিহত হয়েছেন।

"In reality the revolutionary ideology of Tilak, Bipin Chandra Pal, Aurobindo Ghosh and others, although formed in part from a study of European history, was an indigenous and natural response to British imperial domination. Their ideology had three major components: political independence or swaraj, economic independence as expressed in the swadesh-cum-boycott movement, and cultural independence by means of the spread of national education. Extremist political leaders differed on the question of using force in achieving their goal and objectives : Bipin Chandra Pal opposed its use, while Aurobindo favoured it as a means to an end. This difference was one of the reasons why Pal was outted from the editorial board of the party mouthpiece *Bande Mataram*, although he had founded the journal in 1905 and Ghosh had become

its editor only subsequently" (*Kolkata & Its Police – A History of City Police from Charnock's to Present Day*, p. 326)

এদিকে যতীন্দ্রনাথ বাংলায় আসার পর সশস্ত্র বিপ্লবের প্রকৃত আয়োজন আরম্ভ হল। অরবিন্দ শুনলেন, সংগঠনের ব্যারিস্টার উকিলের দল এসে জুটেছে কিন্তু যুবকদল আকৃষ্ট হচ্ছে না। এজন্য অপেক্ষাকৃত তরুণ কর্মী প্রয়োজন। এ অভাব পূরণ করবার জন্যই বারীন্দ্রকে বাংলায় যেতে হবে বলে অরবিন্দ এতদিন মনে মনে এই উদ্দেশ্যই পোষণ করে আসছিলেন। এইজন্য তিনি বারীন্দ্রের অর্থের আবেদনে সাড়া দেননি। বারীন্দ্র আবার পাটনায় দোকান দিয়ে বসবেন, এ তিনি চাননি। অরবিন্দ বারীন্দ্রকে মহত্তর কাজে নিয়োজিত করবার চেষ্টাই করেছিলেন। তিনি তাঁকে দিয়ে ভারতের সশস্ত্র বিপ্লব সম্ভব করে তুলতে চেয়েছিলেন। এইজন্যই এবারে দীক্ষা দিয়ে বাংলায় পাঠিয়ে দিলেন। অরবিন্দের নির্দেশে বারীন্দ্রের কলকাতায় যাত্রার আয়োজন চলতে লাগলো।

বারীন্দ্রকুমার হাওড়া স্টেশনে এসে এবারে আর ছোট মামার খোঁজ করলেন না, অন্য কোনও আত্মীয়স্বজনদের বাড়িও গিয়ে উঠলেন না, একখানা ছ্যাকাড়াগাড়ি ভাড়া করে সোজা গিয়ে উঠলেন ১০৮ নম্বর আপার সার্কুলার রোডে, যতীন্দ্রনাথ যেখানে অনুশীলন বিপ্লবী কেন্দ্র গড়ে তুলেছিলেন পি মিত্রের নেতৃত্বে। সুকিয়া স্ট্রিট যেখানে গিয়ে আপার সার্কুলার রোডে মিশেছে, তারই দু-একখানা বাড়ির উত্তরে ছিল এই জায়গা। সামনের দিকে ছিল খোলা মাঠ, পশ্চিম প্রান্তে বাড়িতে সস্ত্রীক বাস করতেন যতীন্দ্রনাথ। বাড়ির বাইরের দিকটা একতলা, তার পরে উঠান, তাঁর স্ত্রী এবং বোন। এই বিপ্লবীকেন্দ্রের প্রায় গা ঘেঁষেই তখন ছিল সুকিয়া স্ট্রিট থানা, মধ্যে ছিল একটা প্রকাণ্ড পুকুর।

বিপ্লবের এই প্রাথমিক কেন্দ্রের টাকার অভাব তখনও হয়নি। কারণ প্রমথনাথের উদ্যোগে উকিল ব্যারিস্টারদের কাছ থেকে প্রায় আড়াইশ টাকা মাস মাস পাওয়া যেত। প্রমথনাথ দিতেন ত্রিশ টাকা, দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ দিতেন দশ টাকা। এই টাকায় হত কর্মীদের খাওয়া দাওয়া। আখড়ার ব্যয়ও এই দিয়ে নির্বাহ হত। একখানা সাইকেলও কেনা হয়েছিল বারীন্দ্রকুমার আসার আগেই। ভারতের ভাবী বিপ্লবীদের অশ্বারোহণ শেখাবার

জন্য একটা ঘোড়াও ছিল। তা বোধহয় মানিকতলার কোনও সহৃদয় ব্যক্তি দিয়েছিলেন। যতীন্দ্রনাথ বারীন্দ্রকুমারকে সাদরে এখানে অভ্যর্থনা করলেন। স্নানপর্ব সমাধা করে খাবার ব্যবস্থা হল—মাছের মুড়োর ঘন্ট, ছানার ডালনা আর কচি পোনার ঝোল। খাবার পরে পান এলো উড়ে চাকরের হাত দিয়ে। বারীন্দ্রকুমারের নির্দেশ হল—বই পড়ে, শরীর চর্চা করে আগে ভাবী বিপ্লবের জন্য তৈরি হতে হবে, তারপরে লেগে যেতে হবে কর্মী সংগ্রহের জন্য। আপাতত বই পড়ার কাজ আরম্ভ হল। দ্বিতীয় দিনে ক্যাম্পখাটে শুয়ে শুয়ে বারীন্দ্রকুমার একখানা বই পড়ছেন, এমন সময়ে বাইরে যেন তরুণ কণ্ঠ শুনতে পেল—“ভিতরে আসতে পারি কি?” বারীন্দ্রকুমার চেয়ে দেখলেন—তরুণের শান্ত গোবেচারী চেহারা, পায়ে তালতলার চটি, মুখে সদাপ্রফুল্ল স্মিতহাস্য। ইনিই অবিনাশ ভট্টাচার্য, ভাবী যুগান্তর পত্রিকার কর্মাদ্যক্ষ। বিপ্লবের পথে বারীন্দ্রকুমারের সঙ্গে তাঁর বন্ধুত্ব এর পরে অটুট ছিল।

বিপ্লবী দলে অবিনাশচন্দ্রের যোগদানের ঘটনাটা এইরূপ—বরোদা থেকে বারীন্দ্রের চলে আসার আগেই যতীন্দ্রনাথ বিপ্লবের গোপন প্রচারের জন্য এখানে সেখানে যাওয়া আসা আরম্ভ করেছিলেন। এমনই এক অভিযানে একবার তিনি আড়বালিয়া যান। সেখানে অবিনাশচন্দ্রের সঙ্গে তাঁর পরিচয় হয়। অবিনাশচন্দ্র তখন বোধহয় মেট্রোপলিটন কলেজের ছাত্র। যতীন্দ্রনাথ তাঁকে কলকাতায় তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে বলেন। এরই ফলে একদিন অবিনাশচন্দ্র বিপ্লবপথে বারীন্দ্রকুমারের অন্তরঙ্গ সহকারীতে পরিণত হলেন।

বাড়ির সামনে ছোট মাঠে ছিল ব্যায়ামের স্থান। সাইকেল চড়া ও কাজও সেখানে চলত। থানার পুকুরে শেখান হল সাঁতার। কলকাতার রাস্তায় তখনও বাস বা ট্যাক্সি আমদানি হয়নি। তাই ঘোড়ায় চড়ার কোন ব্যাঘাত হল না রাস্তায়। একতলা পরিমাণ উঁচু ‘ওয়েলার’ অশ্বে সব কর্মীকেই চড়তে হত। যতীন্দ্রনাথ প্রাক্তন সৈনিক, পাকা অশ্বারোহী। অশ্বারোহণ শেখাতেন তিনি নিজেই। সমিতির সেক্রেটারি সতীশ বোসও পাকা ঘোড়াসওয়ার ছিলেন। তিনিও কর্মীদের ঘোড়ায় চড়া শেখাতেন। বারীন্দ্রকুমার অনভ্যস্ত, ঘোড়ার লাগাম ধরে থাকতেন। ঘোড়া ধীর গতিতে গ্যালপ করে চলত। প্রতিদিন সকালে সামরিক পোশাকে সজ্জিত

হয়ে এই ঘোড়ায় চড়ে যতীন্দ্রনাথ যেতেন উকিল ব্যারিস্টারের পাড়ায় চাঁদা আদায়ে। তাঁর যাওয়া আসার পথ ছিল গড়ের মাঠের মধ্যে দিয়ে। সামরিক পোশাক সজ্জিত ভাবী বিপ্লবাবিনায়ককে দেখে সবার তাক লেগে যেত। যতীন্দ্রনাথের চরিত্রের প্রধান গুণ ছিল অদম্য উৎসাহ, অপরিমেয় সাহস এবং অসামান্য মনের বল। তিনি ছিলেন জন্মগত গুণসম্পন্ন। আগুন নিয়ে খেলা করবার জন্যই তিনি যেন জন্ম নিয়েছিলেন। কিন্তু এই অত্যাঙ্ককালের মধ্যেই তিনি এই আন্দোলনকে দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করেছিলেন। প্রমথনাথের স্বপ্ন তাঁরই মধ্যে দিয়ে সফল হয়েছিল, এতে বিন্দুমাত্র সন্দেহ নেই। এ জন্যই পরবর্তী সন্ন্যাস-জীবনেও তিনি সংসারত্যাগী আর দশজন সন্ন্যাসীর ন্যায় হতে পারেননি। তিনি হয়েছিলেন সহস্র সহস্র সাঁওতালের স্বাভাবিক নেতা। বিপ্লবান্দোলন তাঁকে হারিয়ে বিপুল ক্ষতিগ্রস্ত হয়েছে এতে সন্দেহ নেই।

এইভাবে ভাবী বিপ্লবের উদ্যোগ পর্ব চলতে লাগল। কিন্তু ক্রমে বোঝা গেল, আধা-সাহেবী উকিল-ব্যারিস্টার ডাক্তারদের দিয়ে আর যাই হোক, বিপ্লব হবে না। বিপ্লবের জন্য চাই তরুণ মন এবং তরুণ উৎসাহ। তাই কর্মসূচী স্থির হল—সমিতির প্রচারদল গড়তে হবে, কলকাতার পার্কে পার্কে ঘুরে তরুণ প্রাণগুলিকে ভাবী বিপ্লবের জন্য তৈরি করতে হবে। প্রচার কাজে যেতে হবে গ্রামে গ্রামে, স্কুল কলেজের ছাত্রদের কানে পৌঁছে দিতে হবে বিপ্লবের বাণী, তাদের করে তুলতে হবে দেশহিতে সমর্পিত প্রাণ। এই দলের প্রধান চারণ বা প্রচারকরূপে বারীন্দ্রকুমার নির্বাচিত হলেন।

প্রথমে কেন্দ্রে এসে এখনকার হাবভাব বারীন্দ্রকুমারের ভাল লাগত না। তিনি দেখতেন, এখানে বিপ্লবের উপযুক্ত পরিবেশের অভাব। দৃঢ় সংবন্ধ সংগঠন নেই, কর্মীদের মধ্যেও সংকল্পের অভাব। প্রবীন তরুণের সমাবেশ হত এ কেন্দ্রে, তাদের মধ্যে চলত বিপ্লবের গল্প। বারীন্দ্রকুমার এ গল্পে যোগ দিতেন না। এই সময় তিনি নিবেদিতার দেওয়া বইগুলি পড়ে ফেললেন। এর মধ্যে ছিল আইরিশ বিদ্রোহের ইতিহাস, ডাচ প্রজাতন্ত্র, গ্যারিবল্ডি ও ম্যাটাসিনির জীবনী, সিপাহী যুদ্ধের ইতিহাস, আমেরিকার স্বাধীনতা সংগ্রাম কাহিনী, টেডের রাজস্থান, টমকাকার কুটির, রামায়ণ, মহাভারত, দাদাভাই নৌরজী, রমেশচন্দ্র এবং

উইলিয়াম ডিগবীর ব্রিটিশ অর্থনীতির বই, ভারতের ইতিহাস, ইউরোপের ইতিহাস, ইংলন্ডের ইতিহাস, ক্রমওয়েলের জীবনী এবং ব্যারন ওকুরার বই। এছাড়া একখানি বৈজ্ঞানিক মারণাস্ত্রের বিবরণ সম্বলিত বই ছিল— War made impossible, Mr. Block নামধেয় জনৈক ইংরেজের লেখা। স্বামীজীর শিষ্যত্ব গ্রহণের পূর্বে ভাগিনী নিবেদিতা রুশ 'নিহিলিস্ট' দলভুক্ত ছিলেন। আইরিশ বিপ্লবীদের সঙ্গে তাঁর যোগাযোগ ছিল। 'অনুশীলন সমিতি'তে এ বইগুলি দেবার পূর্বে তিনি শর্ত নেন—বইগুলি অবলম্বনে রাজনীতি শেখাবার ও কর্মী গড়বার স্কুল করতে হবে। সেই স্কুলে বা পাঠচক্রে বিভিন্ন দেশ-বিদেশের ইতিহাস, মহাপুরুষদের জীবনী, ধর্মনীতি, অর্থনীতি, সমাজনীতি শিক্ষা দিতে হবে। আর, এখান থেকে তৈরি কর্মীরা হবে ভারতের নবজাগরণের চারণ। নগরে নগরে, গ্রামে গ্রামে গিয়ে তারা বিপ্লবের বীজ রোপন করবে। সমগ্র ভারতে সশস্ত্র বিপ্লব-উদ্দেশ্যে অসংখ্য কেন্দ্র গড়ে উঠবে। এর ফলেই একদিন ভারতে সশস্ত্র বিপ্লব সফল হবে, ভারত পরাধীনতা মুক্ত এবং স্বাধীন হবে।

বারীন্দ্রকুমার হলেন 'অনুশীলন সমিতি'র এই রাজনীতি স্কুলের প্রধান কুতী ছাত্র। ক্রমে দেবব্রত বসু, নলিন মিত্র, জ্যোতিষ সমাজপতি, ভূপেন দত্ত এসে জুটলেন সমিতিতে। ইন্দ্রনাথ নন্দী এলেন 'আত্মোন্নতি সমিতি' থেকে। বারীন্দ্রকুমার তাঁর শিক্ষক সখারামবাবুকে এনে সমিতিতে পরিচয় করিয়ে দিলেন। দেওঘরের অত্যাচারী মহাকুমাশাসকের কথা হিতবাদী পত্রিকায় প্রকাশ করায় এর আগেই তাঁকে শিক্ষকতার চাকুরীতে ইস্তফা দিতে হয়। এই সময় তিনি হিতবাদী-এর সম্পাদকীয় বিভাগে চাকুরী করতেন। ভারতের ভাবী সশস্ত্র বিপ্লবের আয়োজন আরম্ভ হয়েছে, বারীন্দ্রকুমারের মুখে এ কথা শুনে তাঁর শৈশবের মন্ত্রদাতা শিক্ষাগুরু তো আনন্দে আত্মহারা। যতীন্দ্রনাথ ও পি মিত্রের সঙ্গে আলোচনা করে তিনি সমিতির অন্তরঙ্গ কর্মী হলেন। ক্রমে তাঁর উপর ভার পড়ল সমিতির অর্থনীতির ক্লাস নেওয়ার।

এইভাবেই উদ্যোগ আয়োজন চলতে লাগল। সমিতির প্রধান লক্ষ্য জাতির মনটিকে আগে গড়ে তুলতে হবে, ভারতকে নবমন্ত্রে উদ্বুদ্ধ করতে হবে। বেছে বেছে তরুণ মনকে বোঝাতে হবে—জাতির বাঁচবার জন্য তার মুক্তি একান্তভাবেই আবশ্যিক।

এজন্য চাই আগে তরুণদের মধ্যে দৃঢ় মৃত্যুপণ সংকল্প। এই সংকল্প নিয়ে সমস্ত দেশে তাদের ছড়িয়ে পড়তে হবে, প্রাণে প্রাণে জ্বালিয়ে দিতে হবে আশুন, সবার মনে মনে দিতে হবে এক নতুন প্রেরণা।

এই সময়ের কথা বারীন্দ্রকুমার নিজে বলেন— “দেশজননীর বন্ধন মোচনের জন্য নিজের প্রাণ বলি দেওয়ার নেশাই আমাদের টেনেছিল বেশী। মৃত্যুর বুকো আছে অমোঘ বীর্য জীবনের মন্ত্র; পরার্থে জীবন দানের সংকল্পই আমাদের তখনকার বিপ্লব-মন্ত্রকে আমাদের চক্ষে করে তুলেছিল এতখানি শক্তিব্যঞ্জক ও পরম পুণ্যময় বেদমন্ত্রতুল্য।” (অগ্নিযুগ, পৃ. ৭৬)

এই মানবকল্যাণব্রত সেদিনের বিপ্লব মন্ত্রের মধ্যে সত্যই নিহিত ছিল। পরাধীনতা মুক্ত ভারত সমগ্র জগৎকে করে তুলবে, মুক্ত দেশজননীই হবে মানব জাতির কল্যাণলক্ষ্মী। এই ভাবধারা শুধু সামান্য কর্মীদের নয়, অরবিন্দের মত নেতাকেও স্বাধীনতার আন্দোলনে টেনেছিল। বিপ্লবীদের হত্যাকাণ্ড ছিল গৌণ, উদ্দেশ্য সাধনের উপায় মাত্র। এই মহৎ আদর্শের সঙ্গে নরহত্যাকে বিপ্লবী-জীবন কিছুতেই মেনে নিতে পারত না। এইজন্যই বিপ্লবী জীবনে এসেছিল আত্মসমর্পণের যোগ—

‘যৎ করোমি জগন্মাতঃ তদেব তব পূজনম্।’
মা আমি যা করি, সবই তোমার পূজা। আর ছিল—
‘জানামি ধর্মং জানাম্যধর্মং, ত্বয়া হৃষিকেশহৃদিস্থিতেন
যথা নিষোক্তোহস্মি কথা করোমি।’ ধর্ম জানি ও
অধর্ম জানি। তুমি হৃষিকেশ হৃদয়ে থেকে যা করাও
তাই আমি করি।

বিপ্লবীর নিকট ধর্মও ছিল, অধর্মও ছিল, কিন্তু সে ছিল দেশের জন্য আত্মসমর্পিত প্রাণ। দেশের জন্য যদি অন্যায়ে করতে হয় তাও করব, অধর্ম করতে হয় তাও করব — এই ছিল তার অন্তরের কথা। তা যদি না পারি, তবে তা ন্যায়ে অন্যায়ে পাপ-পুণ্যের ভাবনা আমি নিজের জন্যে রেখেছি। সব তো দেওয়া হল না—এই ভাবনাই বিপ্লবীদের কর্মে উদ্বুদ্ধ করত। অন্য দেশের কথা জানি না, কিন্তু ভারতীয় বিপ্লবী এই মন নিয়ে নরহত্যা করত, ডাকাতি করে অর্থ সংগ্রহ করতো। এই জন্যই মৃত্যুর সামনে দাঁড়িয়েও তার মুখে হাসি মেলাতো না, ফাঁসির মুখোশ পরেও সে ইংরেজ কারারক্ষককে জিজ্ঞাসা করতে পারত—‘মিস্টার, আমায় আজ কেমন দেখাচ্ছে?’ পাঠচক্রে পি মিত্র

পড়াতেন ইতিহাস, বিশেষ করে শিখ-অভ্যুত্থান ও ফরাসী বিপ্লবের ইতিহাস। তিনি সার্কুলার রোডের কেন্দ্রে বড় একটা আসতেন না, তাঁর লোয়ার সার্কুলার রোডের বাড়িতেই তিনি ক্লাস নিতেন। যেদিন তাঁর ক্লাস থাকত, সেদিন তাঁর বাড়িতেই তিনি ক্লাস নিতেন। যেদিন তাঁর ক্লাস থাকত, সেদিন তাঁর বাড়ির ‘লন’-এ হত লাঠি খেলা। সখারামবাবু পড়াতেন ব্রিটিশ ভারতে আর্থিক শোষণের ইতিহাস। তার বক্তৃতাগুলি পরে দেশের কথা নামে ছাপা হয়েছিল। ব্রিটিশ সরকার এই বই বাজেয়াপ্ত করেন। যতীন্দ্রনাথ পড়াতেন রণনীতি। এছাড়া সুরেন্দ্রনাথ ঠাকুর এসেও মাঝে মাঝে বিভিন্ন জাতির জাতীয় জাগরণ সম্পর্কে ক্লাস নিতেন। এই সমস্ত রক্ত গরম করা কাহিনী পড়ে বারীন্দ্রকুমার যুক্তিতর্কের শানিত অস্ত্রে প্রবল হয়ে এবারে প্রচার কার্যে নামলেন।

বিপ্লবীভাব প্রচার করার জন্য বারীন্দ্রকুমার প্রথম যান বর্ধমানে। ঢাকা কলেজে তাঁর এক তরুণ অধ্যাপক অল্পদিন আগে বদলি হয়ে এসেছিলেন সেখানে। তাঁকে সেখানে কেন্দ্র করেই কলকাতার বাইরে বিপ্লব কেন্দ্রের পত্তন হল। বারীন্দ্রকুমারের দ্বিতীয় অভিযান হল মেদিনীপুর। এবারে তিনি ছিলেন অরবিন্দের সঙ্গী। এ কেন্দ্রের কাজ অরবিন্দ আগেই কিছুটা অগ্রসর করে রেখেছিলেন। অরবিন্দের দুই মামা যোগেন্দ্র বসু এবং সত্যেন্দ্র বসু একদল তরুণকে নিয়ে একটি গুপ্তচক্র গড়ে তুলেছিলেন। অরবিন্দ বারীন্দ্রকে এখানকার কর্মী সত্যেন বসু, নিরাপদ রায় এবং হেমচন্দ্র কানুনগোর সঙ্গে পরিচয় করে দেন।

হেমচন্দ্রকে তিনি এইবার দীক্ষা দিয়ে যান। মেদিনীপুর কেন্দ্র থেকে জ্ঞান বসু মাঝে মাঝে এসে কলকাতায় যতীন্দ্রনাথের সঙ্গে সাক্ষাৎ করে যেতেন। এবারের যাত্রায় ক্ষুদীরামের সঙ্গেও বারীন্দ্রকুমারের সাক্ষাৎ হয়। কিন্তু সে ছিল অনেকটা লাজুক প্রকৃতির ছেলে। কলকাতার নেতার সামনে বড় একটা বের হননি। এই বিপ্লব প্রচার সম্পর্কে বারীন্দ্রকুমার লিখছেন—“আমার স্পষ্ট মনে আছে, সখারামবাবুকে নিয়ে ছেলে ধরার কাজে যাত্রার কথা এবং চাঁদের আলোকে আলো করা গঙ্গাতীরে বাঁধান ঘাটের উপর তরুণদের নিয়ে আমাদের এই প্রাণমাতানো আলোচনা। সেটি বোধহয় খড়দহের গঙ্গাতীরের ঘটনা। পুরীতে ও কটকে গিয়েছিলাম

কুলকারী নামে একজন মারোয়ারী যুবককে নিয়ে বিপ্লবী বক্তৃতা দিতে ও কেন্দ্র খুলতে।” (অগ্নিযুগ, বারীন্দ্রকুমার ঘোষ)

এছাড়া কলকাতার পার্কে পার্কে সকাল সন্ধ্যায় দু’তিন জনে মিলে রাজনৈতিক আলোচনা জুড়ে দিতেন। তরুণদল সে আলোচনায় আকৃষ্ট হয়ে এসে দাঁড়াতে। এদের মধ্যে থেকে ভারী বিপ্লবী বেছে নেওয়া হতো। হেদুয়া এবং কলেজ স্কোয়ারেই ছিল এর প্রধান কেন্দ্র। কলুটোলার কবিরাজ সি কে সেনের বাড়ির একজন এই ছেলে ধরার কাজে ছিলেন বিশেষ ওস্তাদ। বারীন্দ্র প্রভৃতি তাঁকে ডাকতেন চন্দরদা বলে।

ব্যারিস্টার পি মিত্র ছিলেন ‘অনুশীলন সমিতি’র প্রেসিডেন্ট। সে হিসাবে তিনি ছিলেন সমগ্র বাংলার বিপ্লবী সংগঠনের সভাপতি। বারীন্দ্রকুমার-সহ সকলের কাছে তিনি ‘বাঘা মিত্তির’ বলে পরিচিত ছিলেন। বারীন্দ্রকুমার লিখছেন—“লাঠি খেলায়-বিশেষ করে বড় লাঠি খেলাতে ও গদা চালনায় বাঘা মিত্তির ছিলেন তেঁতুলে বাগদীর মত দুর্জয়। বেঙ্গলীতে রুদ্ররাগসিক্ত জলদগম্বীর স্টাইলে তিনি উত্তেজক বিপ্লবী লেখা লিখতেন— "Om to the beautiful,' 'Om to the Terrible" তাঁর বাড়িতে বসত আমাদের ইতিহাস ক্লাস ও লাঠি খেলার আড্ডা। বাড়ির ভিতর দিয়ে বড় Lawn এ তিনি ও তাঁর তের বছরের ছেলে আমাদের শেখাতেন ছোট লাঠি, গদা চালনা ও বড় লাঠি খেলা (অগ্নিযুগ, পৃ. ৭৪)।

সার্কুলার রোডের বাড়িতে জমে উঠল বিপ্লবী কেন্দ্র। মিত্তির মশাই বলতেন, বিপ্লবী আন্দোলন গড়ে তোলার জন্য এ আমার তৃতীয়বারের চেষ্টা। এর আগে ব্যর্থ চেষ্টাই করেছি, এবারে জমলো। কিন্তু জমার মুখেই যে ভাঙনের পালা শুরু হবে তা তিনি জানতেন না।

বারীন্দ্রকুমারের চরিত্রে অনেক গুণ ছিল। কিন্তু তিনি ছিলেন অতিরিক্ত মাত্রায় আত্মকেন্দ্রিক। অন্যের নেতৃত্ব তাঁর নিকট অসহ্য ছিল। এই চরিত্র বোধহয় পিতা কৃষ্ণধন ঘোষের কাছ থেকেই তিনি পেয়েছিলেন। সাধারণের নিকট অত্যন্ত জনপ্রিয় হওয়া সত্ত্বেও আজীবন আত্মীয়স্বজন থেকে তিনি আলাদা ছিলেন। যা হোক, বারীন্দ্রকুমারের প্রথম বিদ্রোহ হল যতীন্দ্রনাথের বিরুদ্ধে। এর একটি কারণ ছিল। সৈনিক জীবনে যতীন্দ্রনাথ

কঠোর শৃঙ্খলাই আয়ত্ত করেছিলেন। তাঁর বীর প্রকৃতিতে ছিল কোমলতার অভাব। এদিকে বাংলার স্কুল কলেজের সেরা ছেলেরা এসে জুটে ছিল বিপ্লবীদের। মিলিটারি কড়া মেজাজ এই সব ছাত্রদের কাছে একেবারে অসহনীয় হয়ে পড়ল। শরীরচর্চা ও লাঠি খেলার মধ্যে দিয়ে বিদ্রোহের আগুন ধুমায়িত হতে শুরু করলো। এদের নেতৃত্ব দিলেন বারীন্দ্রকুমার। লিখছেন—“দেবব্রত, আমি মেদিনীপুরে জ্ঞান মামা—আমরা ছিলাম তাঁর হুকুমের সিপাহী হবার অনুপযুক্ত, বরঞ্চ তাঁর অধীনে নেতৃত্ব করারই যোগ্য। এ কথা যতীনদা বুঝতেন না। বহু স্বাধীনচেতা শিক্ষিত মানুষকে চালনা করার ক্ষমতা তাঁর ছিল না।” (অগ্নিযুগ, পৃ. ৮১)

কিন্তু দুঃখের বিষয়, বিদ্রোহ সহজ পথ ধরে এলো না। যতীন্দ্রনাথের গৃহে এক বোন অতীব সুন্দরী। প্রচার চলতে লাগল, সে চরিত্রহীনা এবং যতীন্দ্রনাথের বোন নয়। প্রেসিডেন্সি মিত্তির মশাইয়ের দরবারেও এ অভিযোগ করা হল। মিত্তির মশাই ব্যাপার কিছুই জানতেন না। তিনি সরাসরি আদেশ দিলেন, তাহলে যতীনকে সমিতি ত্যাগ করতে হবে। যত বড় কর্মীই হোক না কেন তাঁর এ নীতিহীনতা ডেকে আনবে সমিতির মৃত্যু। তরুণদের চক্রান্ত সফল হল—হয় মেয়েটিকে তাঁকে ত্যাগ করতে হবে, নয়ত সমিতি ত্যাগ করতে হবে। এ নির্দেশ শুনার ভার দিলেন বারীন্দ্রকুমার নিজে। শুনে যতীন্দ্রনাথ তো আকাশ থেকে পড়লেন। এই আকস্মিক সংবাদ শুনে তিনি বললেন, “বারীন! শেষটা তুমিই আমার এই দশা করলে!” সজল চোখে এইটুকু বলে তিনি জানালেন—নিজের বোনকে তিনি ত্যাগ করতে পারবেন না, অগত্যা সমিতি ত্যাগ করবেন।

যতীন্দ্রনাথ বিপ্লবী সমিতি ত্যাগ করতে বাধ্য করবার জন্য আরও ব্যবস্থা হল। বিপ্লবের কেন্দ্র ১০৮ নম্বর সার্কুলার রোড থেকে মদন মিত্র লেনের একটি ছোট বাড়িতে তুলে আনা হল। এখানে সর্বক্ষণের কর্মী ছিলেন দু’জন বারীন্দ্র ও অবিনাশ। একটি চাকর রাখা হল বাজার প্রভৃতি করার জন্য। যতীন্দ্রনাথকে বিভাড়িত করবার আরও একটি কারণ ছিল। পুরাতন কেন্দ্রে বিপ্লবোপযোগী মাল-মসলার অভাব ছিল। সংগঠনের এই প্রাথমিক পর্যায়ে যতীন্দ্রনাথ অস্ত্রশস্ত্র সংগ্রহ অথবা তৈরির বিরোধী ছিলেন। কিন্তু নতুন

বাড়িতে এসেই এদিকে মনোযোগ দেওয়া হল। সমিতির কোষাধ্যক্ষ সুরেন্দ্রনাথ ঠাকুরের সাহায্যে কয়েকটি রিভলবার সংগৃহীত হল। কিন্তু এর কুফল সঙ্গে সঙ্গে ফললো। একদিন ঘরে কেউ ছিল না। টেবিলের ওপর একটা রিভলবার ছিল। চাকরটি ঔৎসুক্যবশতই সেটা নিয়ে সামনের দেওয়াল লক্ষ করে গুলি করে। ফলে চাকরটিকেও বিদায় দিতে হয়, বাড়িও ছেড়ে দিতে হয়। এখানে বিপ্লবকেন্দ্র মাত্র দুই-তিন মাস ছিল।

তৃতীয় কেন্দ্র হলো নলিন মিত্রের ১৭০ নম্বর আবার সার্কুলার রোডের বাড়ির কাছে। বাড়িটি ছিল দোতলা। ছাদে চলত লাঠি খেলা। এখান থেকে বারীন্দ্রকুমার প্রভৃতি প্রতিদিন বিকেলে পায়ে হেঁটে যেতেন পি মিত্রের ১০৮ নম্বর লোয়ার সার্কুলার রোডের বাড়িতে। সেখানে লাঠি খেলে এবং ইতিহাসের ক্লাস করে রাত ১১টার সময়ে বিপ্লবীদল ফিরতো। কেন্দ্রের টাকার অভাব হয়নি, কারণ এখানেও প্রয়োজনীয় অর্থ জুটিয়ে দিতেন প্রেসিডেন্ট স্বয়ং।

কিন্তু নূতন ব্যবস্থায় অর্থাভাবে পড়লেন যতীন্দ্রনাথ। বাড়ি তাঁকে ছেড়ে দিতে হলো। পরিবারবর্গকে তিনি পাঠিয়ে দিলেন বর্ধমান শ্বশুর গৃহে চান্না গ্রামে। নিজে সীতারাম ঘোষ স্ট্রিটে এক মেসে অবস্থান করতে লাগলেন এবং চিঠি লিখে বরোদায় অরবিন্দকে সব কথা জানালেন। এর কিছুদিন পরেই ১৯০৪ সালে পুজোর ছুটিতে অরবিন্দ বাংলায় এসে সব কথা শুনলেন। এ সম্পর্কে বারীন্দ্রকুমার লিখলেন—

“যতীনদার ডাকে শ্রীঅরবিন্দ বাংলায় এলেন বাংলাদেশে আমাদের দু-দলের বিরোধ মিটিয়ে দেবার উদ্দেশ্যে। তখন বোধহয় ১৯০৪ সাল। আমার আর অবিনাশের ডাক পড়ল শ্রীঅরবিন্দের কাছে। তাঁকে একটি ঘর দিয়ে রাখা হয়েছে। সেখানে গিয়ে জানলাম, এতদিনের উদ্দাম কর্মী যতীনদা নিরস্ত থাকেন নাই। ম্যাটসিনি ও গ্যারিবন্ডীর জীবনী প্রণেতা শ্রীযোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ ও তাঁর ছেলে সুরেন্দ্রকে নিয়ে নতুন করে চাক বেঁধেছেন। শ্রীঅরবিন্দ আমাকে ডেকে বললেন—তোমরা অযথা যতীনকে সন্দেহ করেছ।” (অগ্নিযুগ)

অরবিন্দের কথা অনুযায়ী ঠিক হল, পরদিন আমহাস্ট স্ট্রিটে বারীন্দ্র এলে মেয়েটির সঙ্গে দেখা হবে, তাহলেই সব সন্দেহ ঘুচে যাবে। পরদিন

সুরেন্দ্রনাথই বারীন্দ্রকে ডেকে নিয়ে এলেন ওই বাড়িতে। মেয়েটির হস্তপদের গঠন দেখে বারীন্দ্রের আর সন্দেহ রইল না যে মেয়েটি যতীনদারই বোন। ফিরতে ফিরতে যতীনদা মেয়েটির সম্পর্কে এক অদ্ভুত কাহিনী শুনালেন।

তিনি যখন বরোদায় মেয়েটি কুসংসর্গে পড়ে পালিয়ে কলকাতায় আসে এবং এক মন্দ পাড়ায় গিয়ে উঠে। যতীন্দ্রনাথ দেশে ফিরে তাঁকে উদ্ধার করে এনেছিলেন বিপ্লবের পথে কাজে লাগাবেন বলে। এ নিয়ে যে এতখানি দুর্ভোগ ঘনিয়ে আসবে তা তিনি কল্পনা করতে পারেননি।

এরপর আর কোন বাধা রইল না। অরবিন্দের কথা বারীন্দ্র প্রভৃতি এবার সীতারাম ঘোষ স্ট্রিটে এসে যতীন্দ্রনাথের সঙ্গে যোগ দিল। সার্কুলার রোডের ভাড়া বাড়ি তুলে দেওয়া হল। অরবিন্দ হয়ত বুঝেছিলেন বারীন্দ্রের চরিত্রে ভাঙনের বীজ আছে। তাই তিনি বারীন্দ্রকে কিছুদিনের জন্য সরিয়ে নিয়ে গেলেন। আপাতত অরবিন্দের সঙ্গে বারীন্দ্র একসঙ্গে দেওঘরে থাকবেন স্থির হল। অবিনাশচন্দ্র রইলেন যতীন্দ্রনাথের সহকারী হয়ে। দেবব্রত, নিখিল, জ্যোতিষ এরা মিলল অরবিন্দের নির্দেশে। মনে হল, বিপ্লবের ভাঙা ঘর আবার বুঝি জোড়া লাগল। কিন্তু আসলে সে হবার নয়। যতীন্দ্রনাথের নেতৃত্বই তরণদলের নিকট অসহ্য হয়ে উঠেছিল। তাই অল্পদিনের মধ্যেই অরবিন্দের নিকট পত্র গেল দেওঘরে। তিনিও আবার পত্র দিলেন বুঝিয়ে কিন্তু কোনো ফল হল না। অবিনাশ দেওঘরে গিয়ে যতীন্দ্রনাথের বিরুদ্ধে অভিযোগ পেস করলেন। অরবিন্দ বুঝলেন, এ ভাঙন রোধ হবার নয়। তিনি বারীন্দ্রকে নিয়ে বরোদায় চলে গেলেন। তাঁর তখনকার কথা—‘ওরা যা পারে যেমন করে পারে করুক। এখন দাঁড়াবার হয় দাঁড়াতে নয়ত আপনার কাজ আপনি ভেঙে যাবে।’

সম্ভবত যতীন্দ্রনাথ যাতে নিজ ইচ্ছা অনুযায়ী কাজ করতে পারেন, এইজন্যই অরবিন্দ বারীন্দ্রকে সরিয়ে নিয়ে গেলেন। কিন্তু প্রথম আঘাতেই যতীন্দ্রনাথের মন ভেঙেছিল। এর অল্পদিন পরেই তিনি সংসার ত্যাগ করলেন। তবে মিত্রের সাহেবের বৈপ্লবিক সংগঠন সংস্থা গঠনের কাজ পুরো দমে চলছিল। এই সময়ে ‘ঢাকা অনুশীলন সমিতি’ প্রতিষ্ঠা এর প্রমাণ। অবশ্য, ‘বঙ্গভঙ্গ’ এই কাজে একটু দুর্দম গতিবেগ সৃষ্টি করেছিল। ঢাকায়

‘অনুশীলন সমিতি’ প্রতিষ্ঠা করতে মিত্তির সাহেবের সঙ্গে বিপিন পালও ঢাকা গেলেন।

গ্রে স্ট্রিটে এই নতুন কেন্দ্রে নতুন করে এইভাবে কাজ আরম্ভ হল। কাইমুর পাহাড় থেকে ফিরে এসে বারীন্দ্রকুমার কর্মী সংগ্রহের কর্মে গেলেন। নানা স্থান থেকে তরুণদের এবং প্রাথমিক দীক্ষিত বিপ্লবীদের ধরে আনা হত এখানে। বারীন্দ্রকুমার যুক্তিতর্কে তাদের নিঃসংশয় মাতৃপুজারী করে তুললেন। এই কার্যে দেবব্রত ছিলেন আরও ওস্তাদ। আদর্শনিষ্ঠ তরুণদের দেশের কর্মী হওয়া ভিন্ন উপায় নেই, তাঁর নিকট এলে না বুঝবার উপায় ছিল না। তিনি নিজেও ছিলেন একজন একনিষ্ঠ কর্মী।

গ্রে স্ট্রিটের কেন্দ্র নতুন হলেও পুরাতন সংযোগ একেবারে বিচ্ছিন্ন হয়নি। বাংলায় এসেই বারীন্দ্রকুমার পি মিত্তির সঙ্গে সংযোগ স্থাপন করেছিলেন। মিত্তির সাহেব তরুণদের দৈনন্দিন কর্মে হস্তক্ষেপ করতেন না। এর আগে যতীন্দ্রনাথের সময় থেকেই এই ব্যবস্থা চলে আসছিল। চাই যতীন্দ্রনাথ যেমন, মেদিনীপুর, রংপুর প্রভৃতি কেন্দ্রের সঙ্গেও বারীন্দ্র প্রভৃতি তরুণদেরই ছিল সংযোগ। তবে সংগঠনের প্রেসিডেন্ট তিনি, এজন্য প্রয়োজন হলে তিনিই নির্দেশ দিতেন। এই সময় বাংলার রাজনৈতিক জীবনে ‘বঙ্গভঙ্গ’-এর উত্তপ্ত প্রবাহ চলছিল। জাতীয় ইতিহাসে এ ধারা ‘স্বদেশী আন্দোলন’ বলে পরিচিত।

“আসলে স্বদেশী আন্দোলন বিপ্লব যজ্ঞেরই বাহ্য ধারা। ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগ থেকে যে জাতীয়তাবোধ বা জাতির যে আত্মবিশ্বাস ভারতের বিশেষ করে বাংলায় জাতীয় প্রাঙ্গণ মাতাল করেছিল, তাই ধীরে ধীরে আত্মপ্রকাশ করছিল বিপ্লবের গুপ্ত ধারার মধ্য দিয়ে। বিপ্লব-যজ্ঞের যে আয়োজন আরম্ভ হয়েছিল জাতীয় গোপন অন্তরে, কার্জনের ঔরংজেবী আঘাতে তার গোপনীয়তা আবরণ হঠাৎ করে খুলে গেল, বাঙালী জাতি ঝাঁপিয়ে পড়ল একেবারে সম্মুখ-সমরে। বাংলার জাতীয় জীবনে আন্দোলন তিনটি ধারায় প্রবাহিত হল—জাতীয় শিক্ষা, গোলাখানা বর্জন এবং বিলেতি বর্জন। এ আন্দোলন তার অপেক্ষাকৃত অল্পদিনের জীবনে শক্তি সংগ্রহ করেছিল গোপন বিপ্লবান্দোলনের দ্বারা। আন্দোলন ক্রমশঃ এমন প্রবল হল যে ইংরেজ তার Settled fact ‘unsettled’ করতে বাধ্য হল। ‘বঙ্গভঙ্গ’ রদ হল, স্বদেশী আন্দোলন

স্তিমিত হল, কিন্তু জাতির অন্তরের পিপাসা এতে মিটল না। তার মধ্যে তখন এসেছে আত্মবিশ্বাস, তার ঘুম ভেঙে গেছে, জাগরণের দুরন্ত শক্তি নিয়ে সে জেগে উঠেছে, ভাঙা বাংলা জোড়া লেগেছে এ নিয়েই সে চূপ করে থাকবে কেমন করে?” (বিপ্লবী বারীন্দ্রকুমার, পৃ. ৮৬)।

এই স্বদেশী আন্দোলন সংক্রান্ত কয়েকটি ঘটনা বাঙালী জীবনকে বিশেষভাবে উত্তেজিত করে তুলেছিল। যেমন গোপন বিপ্লবান্দোলন থেকে স্বদেশী আন্দোলন তার কর্মীদল পেয়েছিল, তেমনি স্বদেশী আন্দোলনের এই উত্তপ্ত ঘটনাগুলি জাতীয় বৈপ্লবিক রোষকে প্রদীপ্ত করেছিল। বিপ্লব সংগ্রামের আত্মপ্রকাশ এরই ফল। বঙ্গভঙ্গ আন্দোলনের মধ্যে ১৯০৬ সালের ১৪ এপ্রিল হল বরিশাল সম্মেলন। অশ্বিনীকুমারের বরিশাল পুলিশের লাঠির ঘায়ে দেশযজ্ঞ পণ্ড হলো, পুলিশ সুপার কেম্প এবং ম্যাজিস্ট্রেট ইমার্সনের আদেশে সে যজ্ঞ-মণ্ডপে যে আগুন জ্বলে উঠল, তাতে দেশের অনেক নরমপস্বী উগ্রপস্বীতে পরিণত হল। বারীন্দ্রকুমার প্রভৃতি তরুণ দল, যারা ভাবী বিপ্লবের জন্য প্রস্তুত হচ্ছিলেন, এর পরে তারা আর চূপ করে থাকতে পারলেন না।

এর দু’মাস আগেই হয়েছিল মেদিনীপুর জিলা সম্মেলন ১৯০৬ সালের ফেব্রুয়ারি মাসে। বিপ্লবী দলের মেদিনীপুর শাখার কর্মীদল ছিল এই সম্মেলনের কর্মী। সত্যেন বসুর নেতৃত্বে ক্ষুদিরাম সম্মেলনে ‘সোনার বাংলা’ এবং ‘No compromise’ এর কপি বিতরণ করে। সেখানে পুলিশ তাঁকে ধরে ফেলে। মামলায় ক্ষুদিরাম খালাস পায়, কিন্তু ক্ষুদিরামকে খালাস করতে গিয়ে সত্যেন বসু যে সাক্ষ্য দেন তাতে তাঁর সহকারী চাকুরী চলে যায়।

বাঙালী অন্তরকে উদ্দীপিত করবার জন্য আরও দু-একটি ঘটনা এর আগেই ঘটেছিল। ১৯০৫ সালের গোড়ার দিকে বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসবে ভাইসরয় লর্ড কার্জন চ্যান্সেলর হিসাবে যে ভাষণ দেন তাতে তিনি সমগ্র এশিয়ার অধিবাসীদের মিথ্যাবাদী বলে কটুক্তি করেন। বাঙালীর অন্তর এতে জ্বলে উঠল—কার্জনী উক্তি যেন সমগ্র ইংরেজ সমাজের উক্তি। নানাস্থানে সভাসমিতিতে এর প্রতিবাদ হতে লাগল আর বিপ্লবীদের প্রস্তুতি হতে লাগলেন সক্রিয় উত্তর দেবার জন্য।

বৈপ্লবিক সংগঠনের তখনও বাইরের দিকের

নেতা পি মিত্র। কিন্তু আসলে নতুন দল ও পুরাতন দলের মধ্যে সংঘর্ষ তখন ঘনিষে এসেছে। পুরাতন দলের সক্রিয় কর্মী সমিতির সেক্রেটারী সতীশ বসুর আর নতুন দলের নেতা বারীন্দ্রকুমার। সতীশ বসু প্রেসিডেন্ট পি মিত্রের সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত কিন্তু বারীন্দ্রকুমার মনে প্রাণে শ্রীঅরবিন্দের নেতৃত্বে বিশ্বাসী। দেশ ভাবী বিপ্লবের জন্য প্রস্তুত হচ্ছে, মিত্রের সাহেব এই নিয়েই সন্তুষ্ট। কিন্তু অরবিন্দ বৈপ্লবিক সংগঠনের দৈনন্দিন গতি প্রকৃতি সম্পর্কেও আগ্রহশীল। তবে নির্লিঙ্গ উদাসীন প্রকৃতির বলে তিনি বারীন্দ্র প্রভৃতির কাজে হস্তক্ষেপ করতেন না।

১৯০৬ সালে এপ্রিল বরিশালে প্রাদেশিক সম্মেলন যখন অনুষ্ঠিত হয়, অরবিন্দ বরোদা থেকে এসে সম্মেলনে যোগ দিয়েছিলেন। এই সময় আসা-যাওয়ার পথে তিনি গ্রে স্ট্রিটে নতুন কেন্দ্রে কয়েকদিন অবস্থান করেন।

এই সময় সম্পর্কে বারীন্দ্রকুমার লিখেছেন— “গোটা ১৯০৫ সাল জুড়ে এই বৈশ্বানরী লীলা যখন চলছে, তখন আমরা এরই আড়াল এই হাওয়ার পাল তুলে দিয়ে আমাদের বিপ্লবের রক্তরাঙা ডোঙা ভাসিয়েছি। অরবিন্দ ১৯০৬ সালের আগষ্ট মাসে এলে বাংলার গুপ্ত ও ব্যক্ত দুই আন্দোলনেরই যুগ্মভার হাতে তুলে নেবেন—তারই পটভূমি তৈরি করেছিলেন দেশের যুগ-দেবতা স্বদেশী আন্দোলনের মধ্য দিয়ে।” (অগ্নিযুগ, পৃ. ১৩৮)

বারীন্দ্রকুমার দ্বিতীয়বার বাংলায় এসে পি মিত্রের সঙ্গে আবার যোগাযোগ করে নিয়েছিলেন। লাঠি খেলা ও পাঠচক্রও তিনি নিয়মিত যোগ দিতেন। কিন্তু আসলে বৈপ্লবিক সংগঠন তিনি স্বতন্ত্রভাবেই করতেন। পি মিত্র নিজেও এতে বাধা দিতেন না। প্রকৃত বিপ্লব তরুণদেরই কাজ, প্রবীণরা পরামর্শ দিয়ে তাদের সাহায্য করবে, এই ছিল তাঁর বিশ্বাস। তাই বৈপ্লবিক কর্মে বারীনের উৎসাহের জন্য তিনি প্রশংসাই করতেন। কাজ অগ্রসর হচ্ছে—এতেই তিনি খুশি ছিলেন। কিন্তু স্বদেশী আন্দোলনের প্রচণ্ড প্রবাহ তরুণ মনে কি আগুন জ্বালিয়েছে, তিনি তার সন্ধান রাখতেন না। ফলে নতুন সংগঠনের মধ্যে পুরাতন নেতৃত্বের অচিরেই বিক্ষোভ দেখা দিল। অঙ্গসংযোগ তো আগেই নষ্ট হয়েছিল। এবারে বিচ্ছিন্ন হওয়ার পালা এল।

বারীন্দ্র, অবিনাশ এবং দেবব্রতের মধ্যে পরামর্শ চলতে লাগল—এভাবে লাঠি খেলা, ছোঁরা খেলা নিয়ে

মেতে থাকলে দেশকে সশস্ত্র বিপ্লবের প্রয়োজন বোঝাতে কয়েক বৎসর লেগে যাবে। গোপন পথে ব্যক্তিগতভাবে কানে কানে বিপ্লব প্রচারও যথেষ্ট নয়। এতে সমগ্র সশস্ত্র দেশকে বিপ্লবের অনুকূলে গড়ে তোলা যাবে না। এর আগেই ব্রহ্মবাক্তবের সন্ধ্যা পত্রিকা প্রকাশিত হয়েছিল। সন্ধ্যা’য় জনপ্রিয়তা নতুন চলকে পথ দেখালো। তারা সন্ধ্যার চেয়ে খাঁটি বিপ্লবী প্রচারপত্র প্রকাশের জন্য উদ্যোগী হলেন। এর ফলেই ‘ভবানী মন্দির’ প্রতিষ্ঠার প্রচেষ্টা আপাতত স্থপিত রইল।

কাগজ বার করতে হবে কিন্তু পাথেয় কোথায়? সংগঠন প্রসার এবং কর্মীদের খাওয়া পড়ার ব্যবস্থা তখনও হচ্ছে পি মিত্র প্রভৃতি উকিল ব্যারিস্টারদের দেওয়া চাঁদায়। পি মিত্রের নিকট কাগজ বার করবার প্রস্তাব করা হল কিন্তু তা তিনি অনুমোদন করলেন না। সুতরাং বারীন্দ্র প্রমুখ বুঝলেন, কাজে নামতে হলে শুধু যে পত্রিকার খবর সংগ্রহ করতে হবে তা নয়, কর্মীদের ব্যয় নির্বাহেরও ব্যবস্থা করতে হবে। তবুও নিরস্ত হওয়ার পাত্র তারা নন। নানা ভাবে চেষ্টা চলতে লাগল।

পুরাতন এবং নতুন দলের এই বিভেদ সৃষ্টি সম্পর্কে বারীন্দ্রকুমার লিখেছেন—“আমাদের সঙ্গে পি মিত্র মশাইয়ের মতান্তর আরম্ভ হয়ে সুস্পষ্ট রূপ নিচ্ছে তখন। যুগান্তর বলে খোলাখুলি বিপ্লবীপন্থী কাগজ বের করার প্রস্তাব শুনে পি মিত্র মশাই ঘোর আপত্তি তুললেন। তাঁর বক্তব্য হচ্ছে—এসব গোপন অন্তঃসলিলা ধারায় করতে হয়, বলে কয়ে বিপ্লবী সে কিরকম অশুদ্ধি? তারপর যখন তিনি বুঝলেন ক্ষমাপাচণ্ডী বারীন ঘোষ কোনও আপত্তিই শুনবে না, কাগজ বের করবেই তখন বন্ধু-বান্ধব, কর্মী মহলে ঠাট্টা করে বলেছিলেন, বারীন দিস্তা দিস্তা কাগজ লিখে ভারত উদ্ধার করবে। আমি পাল্টা জবাবে বলেছিলাম, পি মিত্র সাহেব বাঁশের লাঠি ঘুরিয়েই দেশ উদ্ধারের পালা সারবেন। (অগ্নিযুগ)।

ক্রমে যুগান্তর প্রকাশের ব্যবস্থা পাকা হল। নতুন দল প্রেসিডেন্টের ভবনে যাতায়াত ত্যাগ করলেন। ফলে রসদ বন্ধ হয়ে এলো উপবাসের পালা। কিন্তু এর মধ্যেও কানাই ধর লেনে একটি ছোট বাড়ি ৩০ টাকা ভাড়া নেওয়া হল। এখানে গিয়ে ছেঁড়া মাদুর বিছিয়ে বসলেন বারীন্দ্র ও অবিনাশ। অর্থাভাব এমন যে উড়ের দোকানের দুখানা পরোটা চলত তাদের দিন। মুস্লেফ অবিনাশ চক্রবর্তী উৎসাহ দিলেন।

তিনি নিজে ৫০ টাকা দিলেন। এই নিয়ে বেরোল যুগান্তর পত্রিকার প্রথম সংখ্যা। রংপুর, বাঁকুড়া এবং মেদিনীপুর কেন্দ্রে কাগজ পাঠানো হল এবং সঙ্গে লেখার অর্থের জন্য আবেদন। প্রথম সংখ্যায় সমস্ত লেখাই গেল বারীন্দ্রকুমার এবং দেবব্রতের। উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় চন্দননগর থেকে তখনও এসে জোটেননি।

বিপ্লব সমিতির নিয়মানুযায়ী প্রত্যেক জেলাকেন্দ্রে কলকাতায় মূল কেন্দ্রে অর্থসাহায্য পাঠাতে হতো। গ্রাম-শাখা তাদের আয়ের একটা নির্দিষ্ট অংশ পাঠাবে মহকুমা শাখায়, মহকুমা শাখা পাঠাবে জিলা শাখায় এবং জিলা শাখা পাঠাবে কলকাতা মূলকেন্দ্রে। এতদিন এটা নিয়ম মাত্র ছিল, স্বাধীন আয়ে এবং স্থানীয় ব্যয় চলত। কলকাতা কেন্দ্রের কাজ চলত চাঁদার অর্থে। শুধু মেদিনীপুর জিলার কাঁথি মহকুমার দিগম্বর নন্দী অন্তে এক হাজার টাকা পাঠাতেন। প্রতি বৎসর বৈশাখের প্রথম সপ্তাহেও কোন গোপন ব্যক্তির মাধ্যমে টাকাটা কলকাতায় পাওয়া যেত। টাকাটা প্রথমে যতীন্দ্রনাথ নিতেন। তাঁর অবর্তমানে মেদিনীপুর সংগঠনের সঙ্গে নতুন দল যুক্ত ছিলেন বলে টাকাটা তাদের হাতেই আসত। কিন্তু সেটা টাকা যখন খরচ হয়ে গেছে তখনও যুগান্তর প্রকাশের মতলব এঁদের মাথায় আসেনি।

যা হোক, যুগান্তর প্রথম সংখ্যা প্রকাশিত হল এবং অর্থের আবেদন সঙ্গে নিয়ে বিভিন্ন কেন্দ্রে চলে গেল। কিন্তু সে আবেদন যে সার্থক হবে এ আশা বিপ্লবীরা করেননি। এদিকে কলকাতার হকারদের কাছে কাগজ দেওয়া হল কিন্তু শোনা গেল কাগজ বিক্রী হচ্ছে না মোটেই। পকেটে কিছু পয়সা নিয়ে অবিনাশকে সঙ্গে সঙ্গে করে পথে বেরিয়ে পড়লেন বারীন্দ্রকুমার। তখনও কলকাতায় ট্রাম টানছে ঘোড়া। বিপ্লবীদ্বয় মোড়ে মোড়ে নেমে জোর গলায় হকারদের দিকে চেয়ে হাঁকতে লাগলেন—‘ওরে যুগান্তর আছে? দে তো একখানা।’ নিজেদের কাগজ নিজেরাই কিনতে লাগলেন। কিন্তু এতে কাজ বিশেষ হল না। পকেটের কিছু পয়সা গেল—এই মাত্র। শেষে নিজেরাই রাস্তায় দাঁড়িয়ে যুগান্তর বিক্রি আরম্ভ করলেন।

“এইভাবে সামান্য কিছু বিক্রি হল। কিন্তু সে পয়সা উড়ের পরোটা এবং তরকারীতেই প্রায় শেষ হল। এখন ভাবনা হল দ্বিতীয় সংখ্যা বের করা যায়

কেমন করে? অবিনাশ ও বারীন্দ্র যুগান্তর অফিসে বসে এ নিয়ে কথাবার্তা বলছেন, আর দু-তিনদিন পরেই কি করে কাগজ বের করা যায় কেমন করে? এমন সময় সাতাশ-আঠাশ বৎসরের একটি যুবক এসে ঢুকল। জিজ্ঞাসা করল—এটা কি যুগান্তর অফিস? অবিনাশ উত্তর দিলেন—হ্যাঁ। কাকে চান? যুবকটি বলল, আমি বারীনদাকে চাই। বারীন্দ্রকুমার এগিয়ে গিয়ে জানালেন—আমিই বারীনদা। যুবকটি বললে, “আমি রংপুর থেকে আসছি। আপনারা যুগান্তর-এর জন্য টাকা চেয়েছিলেন, আমি টাকা নিয়ে এসেছি।” বারীন্দ্রকুমার জিজ্ঞাসা করলেন—‘কত টাকা?’ যুবকটি উত্তর দিল—পাঁচ’শ। (বারীন্দ্রকুমার, পৃ. ৯১)

বিপ্লবীদের প্রাণে আনন্দের বান ডাকল যেন। এ যে তাদের কাছে অপ্রত্যাশিত। কিন্তু মফঃস্বল কেন্দ্রের কাছে কাছে কলকাতাস্থ মূল সংগঠনের মর্যাদা নষ্ট করাও চলে না। তারা এখনকার বিচ্ছেদের কথা তখনও কিছুই জানে না। তাই কিছুটা অবহেলাসূচক ভঙ্গীতেই বারীন্দ্রকুমার বললেন, “কই-দাও।” যুবকটি পাঁচখানা একশত টাকার নোট বারীন্দ্রকুমারের হাতে দিল। ফলে কানাই ধর লেনে যুগান্তর-এর পরমাণু আরও কয়েক সপ্তাহ বেড়ে গেল।

বারীন্দ্রকুমার প্রভৃতির পরিচালনায় যুগান্তর দেড় বৎসর চলেছিল। সাত আট মাসেই পত্রিকার বিক্রয় সংখ্যা প্রায় দশ হাজার দাঁড়িয়েছিল। শেষ দিকে প্রায় ত্রিশ হাজার উঠেছিল। ১৯০৭ সালের আগস্ট মাসে পত্রিকা পরিচালনার ভার নিখিলেশ্বর রায় মৌলিকের হাতে দিয়ে বারীন্দ্রকুমার অপেক্ষাকৃত পুরাতন বিপ্লবীদের নিয়ে সশস্ত্র বিপ্লবের কার্যকরী আয়োজনে নেমে পড়েন এবং মুরারীপুকুর বাগানে গোপন চক্র রচনা করতে আরম্ভ করেন। এর আগে ব্রহ্মবান্ধব উপাধ্যায় এবং হরিন্দাস হালদার মিলে দৈনিক ইংরেজী বন্দেমাতরম্ প্রকাশ করেছেন। অরবিন্দ এসে এর সঙ্গে যুক্ত হন আরও কিছু পরে। বন্দেমাতরম্-এর যখন জন্ম যুগান্তর তখন পাঁচ মাসের। বারীন্দ্র প্রভৃতি যুগান্তর-এর সম্পর্ক ত্যাগ করলেন বলে বন্দেমাতরম্ এক ঘোষণা প্রকাশ করেন।

প্রায় দেড় বৎসরকাল নিরুদ্ভাবে যুগান্তর-এর প্রচার চলেছিল। এর পরে এক খোলাখুলি সশস্ত্র বিপ্লব প্রচারের প্রতি পুলিশ ও ইংরেজ সরকারের

দৃষ্টি পড়ে এবং এদের টনক নড়ে উঠে। বারীন্দ্র প্রভৃতি বিপ্লবীরা যে একদিন অভ্যুত্থানের আয়োজনে মেতে উঠবেন, তার প্রচেষ্টা আরম্ভ হয়েছিল এর আগেই। ১৯০৬ সালের ১৩ আগস্ট হেমচন্দ্র কানুনগো তাঁর পৈত্রিক সম্পত্তি বিক্রি করে ফরাসী দেশে যান বোমা প্রস্তুত প্রণালী শিখবার জন্য। হেমচন্দ্র ছিলেন মেদিনীপুর শাখার কর্মী। মানিকতলা বাগান ছিল প্রধান যুগান্তরী কেন্দ্র, কিন্তু বোমা প্রস্তুত প্রচেষ্টা এখানে হতো না। বোমা তৈরির প্রথম প্রচেষ্টা হয় দেওঘরে রোহিণীতে। সে প্রচেষ্টা ব্যর্থ হয় এবং চেষ্টা করতে গিয়ে রংপুরের ঈশান চক্রবর্তীর পুত্র প্রফুল্ল মারা যান। এদিক থেকে এই প্রফুল্ল বাংলার জাতীয় আন্দোলনে প্রথম শহিদ। প্রফুল্লের মৃত্যুর পরে কলকাতায় এসে বোমা তৈরির চেষ্টা চলে। ঢাকুরিয়ার জীর্ণ একতলা একটি ছোট বাড়িতে চেষ্টা চলেছিল কিছুদিন। বাড়িটির স্থান কোথায় ছিল এবং কার বাড়ি তা জানা যায় না। বিপ্লবীদের আড্ডা কখনও বসত দেবব্রতের বাড়িতে, কখনও বা টাউন স্কুলে, কখনও বা গঙ্গার ঘাটে। অরবিন্দ থাকতেন রাজা সুবোধ মল্লিকের বাড়িতে। প্রয়োজন হলে কখনও সেখানে গিয়ে পরামর্শ গ্রহণ করা হত। পি মিত্রের সঙ্গে এঁদের সম্পর্ক তখন এক প্রকার ছিল হয়েছে বলা চলে। তবে ‘পূর্ববঙ্গ অনুশীলন সমিতি’র সঙ্গে তিনি আমৃত্যু সম্পর্ক রক্ষা করে চলেছিলেন। বৎসরে একবার বিপ্লবীদের সম্মেলন হতো। তাতে কিন্তু প্রেসিডেন্টের আসনে বসতেন পি মিত্রই। অরবিন্দ, বারীন্দ্র প্রভৃতি সবাই উপস্থিত থাকতেন।

যুগান্তর-এর লেখকদের মধ্যে ছিলেন বারীন্দ্র, ভূপেন্দ্রনাথ এবং দেবব্রত। অরবিন্দও মাঝে মাঝে লিখতেন। তবে তিনি ভাল বাংলা লিখতে পারতেন না। ১৯০৭ সালে ১১ এপ্রিল সংখ্যায় একটি প্রবন্ধ

প্রকাশিত হয়, শিরোনাম—‘এসো অরাজকতা’। তাতে লেখা ছিল—‘অরাজকতা সৃষ্টি করতে হবে, —ইতিহাসে যার নাম বিপ্লব।’ যুগান্তর-এ খোলাখুলি প্রচার করা হত, দেশে সশস্ত্র বিপ্লব সৃষ্টির জন্য ইংরেজদের অধীন ভারতীয় সৈন্যদের মধ্যে স্বাধীনতার মন্ত্র প্রচার করতে হবে। ১৯০৬ সালে ২৬ আগস্ট সংখ্যায় লেখেন দেবব্রত বসু তার যোগা ক্ষ্যাপার পত্রে—‘বিপ্লবের জন্য অস্ত্রাদি সংগ্রহ সহজে করা যায় এবং গোপনীয়তা রক্ষা করে বিস্ফোরণ তৈরী করাও সম্ভব।’ যুগান্তর-এ বারীন্দ্রকুমার লিখতেন—‘বর্তমান রণনীতি’। মাল মসলা সংগ্রহ করতেন, ক্যামেনের রুশ-জাপান যুদ্ধ বই থেকে। পরে এটা বই আকারে প্রকাশ করাও হয়েছিল।

প্রচারের ফলে যুগান্তর-এর শ্রীবৃদ্ধি হল। এ সময় কানাই ধর লেন থেকে কাগজ চাঁপাতলা ফার্স্ট লেনে উঠে আসে। এই বাড়িতে আসার পরে এখানে পুলিশের ঘন ঘন হানা চলতে থাকে। সম্পাদক হিসাবে ভূপেন্দ্রনাথ দত্ত গ্রেপ্তার হন এখানেই। কিন্তু এ সত্ত্বেও এইটেই কাগজের বিশেষ শ্রীবৃদ্ধির সময়। ৩০ হাজার পর্যন্ত বিলি হবার পরেও ক্ষিপ্ত হকারদের ঠেকিয়ে রাখা দায় হত। গেট বন্ধ করে দেওয়া হত। কাগজের দাম ছিল দু’পয়সা। কিন্তু এক একদিন একখানা কাগজ এক টাকা পর্যন্ত বিক্রি হত বলে শুনা যায়। (বিপ্লবী বারীন্দ্রকুমার, পৃ. ৯৩-৯৪)। যুগান্তর পত্রিকা আগে প্রকাশিত হয়েছিল। পরে এই পত্রিকার নামানুসারে একটি বিপ্লবী সংগঠনের নামকরণ হয়। ‘যুগান্তর বিপ্লবী সংগঠন’টি খুবই জনপ্রিয়তা লাভ করে। বাংলার অধিকাংশ বিপ্লবীরা নয় ‘অনুশীলন সমিতি’র সদস্য ছিলেন নতুবা ‘যুগান্তর বিপ্লবী দল’-এর সদস্য ছিলেন।

Cultural Extravaganza on Folk Music of Jangal Mahal

On 22nd November 2024, The Asiatic Society brought to life the vibrant folk traditions of West Bengal's Jangal Mahal with a mesmerising cultural event titled 'Folk Music of Jangal Mahal of West Bengal' held at the prestigious Vidyasagar Hall.

The event commenced with a warm and inspiring inaugural address by Lieutenant Colonel Anant Sinha, the Administrator of The Asiatic Society. This was followed by a thought-provoking keynote address delivered by Dr. Sk Makbul Islam, Associate Professor and Head of the Department of Bengali at St. Paul's College, Kolkata.



Lt. Colonel Anant Sinha, Administrator of the Society and Dr. Sk Makbul Islam exchanging greetings

The highlight of the evening was an engaging session by Dr. Swapan Mukhopadhyay, Former Professor of the Department of Folklore at Kalyani University. His lecture, complemented by a live demonstration, offered an immersive journey into the folk music traditions of the Jangal Mahal region.

The event showcased a rich array of traditions from the Jangal Mahal region, each reflecting the cultural and spiritual essence of rural life.

Adding a dynamic visual element to the evening was a captivating 'Chhau Dance' performance themed 'Asura Binasini'.

The Asiatic Society took the opportunity to felicitate the talented artists, recognising their invaluable contributions to preserving and promoting the folk traditions of Jangal Mahal. The programme concluded on a high note with a formal Vote of Thanks delivered by Shri Arupratan Bagchi, the Administrative Officer of The Asiatic Society.



Dr. Swapan Mukhopadhyay captivating the audience with his voice



The Society felicitated all the Artists for their contribution

Jyotirmay Tudu

Library Section, The Asiatic Society

Release of the Special Issue of *Journal* on 225th Birth Anniversary of James Prinsep



L-R : Lieutenant Colonel Anant Sinha, Dr. C. V. Anand Bose, ShriSanjeev Sanyal and Dr. Rajat Sanyal

On the occasion of 225th Birth Anniversary of James Prinsep, The Asiatic Society, Kolkata released the Special Issue of its *Journal* on 16th December 2024 to commemorate the contributions of James Prinsep. On this auspicious day, the Hon'ble Governor of West Bengal and the Patron of The Asiatic Society, Dr. C.V. Ananda Bose kindly consented to release this special issue at Raj Bhavan, Kolkata, Marco Room (Brown Room) at 5pm. The inauguration programme commenced with National Anthem followed by the felicitation of His Excellency by Lieutenant Colonel Anant Sinha, Administrator of The Asiatic Society. Col. Sinha graciously delivered the Welcome Address. The Editor of the special issue of *Journal*, Dr. Rajat Sanyal subsequently delivered the Key-Note address, briefly explaining the different topics of this special issue. Shri Sanjeev Sanyal, Member of the Economic Advisory Council to the Prime Minister of India also graced the occasion and addressed the audience. A discourse was delivered by our Hon'ble Governor highlighting the contributions of James Prinsep in deciphering the Kharosthi and Brahmi scripts of ancient India. The programme ended with Vote of Thanks by the Administrative Officer of the Asiatic Society. At the end, everyone was requested to join for the National Anthem. Dr. Shakti Mukherji, Research Officer-in-Charge led the whole programme as the emcee.

Shrabani Dutta Chowdhury

Publication Section, The Asiatic Society



কুটুম-কাটাম

ভগীরথ মিশ্র

দে'জ পাবলিশিং, ২০২৪, পৃ: ১৩৬

মূল্য: ৫৫০ টাকা

‘কুটুম-কাটাম’ শব্দবন্ধটি উচ্চারণের সঙ্গেসঙ্গেই অবধারিতভাবে যাঁর নামটি মনে আসে তিনি অবনীন্দ্রনাথ ঠাকুর, বাঙালির অবন ঠাকুর। অবনীন্দ্রনাথই বাঙালির কাছে কুটুম-কাটামের সেই অত্যাশ্চর্য দুনিয়ার দ্বারোন্মোচন করেন। তবে কুটুম-কাটাম প্রস্তুতি ও প্রয়োগ সম্পর্কে যে আস্ত একটি বইও হতে পারে তা বোধহয় কিছুকাল আগে পর্যন্তও অজানা ছিল। প্রখ্যাত কথাসাহিত্যিক ভগীরথ মিশ্রের কুটুম-কাটাম নামক বইটি প্রকাশিত হয়েছে এপ্রিল ২০২৪-এ।

বইটি মূলত চোদ্দোটি অধ্যায়ে বিভক্ত, প্রতিটি অধ্যায়েই কুটুম-কাটামের বিভিন্ন দিক আলোচিত হয়েছে। শিল্পের ‘গোড়ার কথা’ ছাড়াও কুটুম-কাটাম শিল্পমাধ্যমটি কী, তার উৎপত্তির বিভিন্ন দিক, কুটুম-কাটাম তৈরির উপকরণ, শিল্পকলা তৈরির জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি, তৈরির প্রক্রিয়া, প্রস্তুতি ও তৈরির বিভিন্ন পর্যায়ক্রম, কুটুম-কাটামের বিভিন্ন রূপ ও রকমভেদ, প্রদর্শনের প্রক্রিয়া, সংরক্ষণ ও সংরক্ষণের পদ্ধতি, শিল্পমাধ্যমের বাণিজ্যিক সম্ভাবনা, কুটুম-কাটামের দর্শন এবং কুটুম-কাটাম সম্পর্কিত গল্প সম্বলিত এই বইতে লেখক শুধুমাত্র ‘কুটুম-কাটাম’ নামক শিল্পকর্মটিকে পাঠকমহলে পরিচিত করবার চেষ্টাই করেননি, ব্যক্ত করেছেন কুটুম-কাটাম তৈরির পদ্ধতি ও প্রকরণের বিস্তারিত বিবরণও।

‘গোড়ার কথা’ অধ্যায়ে লেখক মূলত শিল্পকলা ও শিল্পের সঙ্গে সূচনালগ্ন থেকে মানুষের মনের অঙ্গঙ্গি সম্পর্ককেই তুলে ধরেছেন, সেই সঙ্গে

কুটুম-কাটামের সঙ্গে তার প্রাথমিক পরিচয় ও সাহচর্য কীভাবে সেই পাঠটিও তুলে ধরেছেন এই অধ্যায়েই:

“অনাদরে, অবহেলায় পড়ে থাকা নানা রকমের তুচ্ছ, নগণ্য সামগ্রী দিয়ে যেসব অসাধারণ ভাস্কর্যগুলি তৈরি করেছেন অবনীন্দ্রনাথ,— দেখেছি, আমাদের গ্রামাঞ্চলের গাছ-গাছালিতে, ঝোপেঝোপে, কাঠকুটোর মধ্যে তেমন অজস্র তৈরি-আধাতৈরি মূর্তি ছড়িয়ে রয়েছে, — আমাদের চোখের সামনে কিন্তু মনোযোগের বাইরে।” (পৃ: ১৩)

দ্বিতীয় অধ্যায়ে কুটুম-কাটাম শিল্পকর্মটির একটি প্রাথমিক ধারণা দিয়েছেন লেখক। অবনীন্দ্রনাথের প্রতি ঋণ স্বীকার করে লেখক জানান কীভাবে এই শব্দের উৎপত্তি — “স্বয়ং অবন ঠাকুরের কথায় — ‘কুটুম’ হচ্ছে জ্ঞাতি আর ‘কাটাম’ হচ্ছে কাঠামো।” (পৃ: ২১)। সেই সঙ্গে ব্যাখ্যা করেছেন কুটুম-কাটাম শিল্পটি আসলে কী— “প্রকৃতির বৃকে অনাদরে, অবহেলায় ছড়িয়ে থাকা হাজারো উপকরণ দিয়ে তৈরি একজাতের ভাস্কর্য। তবে আগেই বলেছি, ওই শিল্প তৈরির বারো আনা কৃতিত্ব প্রকৃতির। মানুষ বাকি চার আনা দিয়ে ওটাকে সম্পূর্ণ করে।” (পৃ: ২৩)

‘কুটুম-কাটামের উৎপত্তি বিষয়ক কিছু কথা’ অধ্যায়ে কুটুম-কাটাম বা ‘ড্রিফট উড আর্ট’ দেশ-কাল নির্বিশেষে কীভাবে সমৃদ্ধিলাভ করেছে ও বিভিন্ন জাতি-উপজাতিতে সেই ধারা কীভাবে চারিত হয়েছে সেইদিকেই আলোকপাত করেছেন

লেখক, অধ্যায়ের শেষে বিভিন্ন দেশে কুটুম-কাটামকে কী নামে অভিহিত করা হয়েছে তার ভাষাভিত্তিক একটি তালিকাও দিয়েছেন যা আগ্রহী পাঠককে নিঃসন্দেহে সমৃদ্ধ করবে। ‘কুটুম-কাটাম তৈরির উপকরণ’ অধ্যায়ে লেখক এই শিল্পমাধ্যমের সাধারণ উপকরণগুলি, (যেমন - বিভিন্ন আকার ও আকৃতির গাছের ডাল, শিকড়, কাঠকুটো, ক্ষয়িত নুড়ি-পাথর, ঝিনুক, মৃত পশুর নখ-দাঁত-হাড় ইত্যাদি) কীভাবে আমাদের চেনা জগতের মধ্যেই ছড়িয়ে থাকে এবং কীভাবে তাকে খুঁজে নিতে হয় তারই হদিশ দিয়েছেন। এই প্রসঙ্গে পাঠকের সঙ্গে ভাগ করে নিয়েছেন তাঁর নিজস্ব অভিজ্ঞতাও। এছাড়াও প্রকৃতি থেকে সংগ্রহের পর আরও বিভিন্ন বীজ, শস্য, নুড়ি, আঠা, বার্নিশ, স্ট্যান্ড ইত্যাদি বাহ্যিক ও অতিরিক্ত উপকরণ সম্বল করে কীভাবে একটি যথাযথ কুটুম-কাটাম প্রস্তুত করা সম্ভব তাও বিস্তারিত ব্যাখ্যা করেছেন এই অধ্যায়েই। উপকরণ ছাড়াও বিভিন্ন ধরনের যন্ত্রপাতি, যেমন, করাত, ছুরি, বাটালি, তুরপুন, নরুন ইত্যাদি কীভাবে ব্যবহার করে কুটুম-কাটাম প্রস্তুত সম্ভব তার নিবিড় পাঠ পাওয়া যায় পরবর্তী অধ্যায়ে। সেইসঙ্গে এই সমস্ত যন্ত্রপাতি কীভাবে শান দেওয়া প্রয়োজন সে বিষয়েও লেখক আলোকপাত করেছেন। ষষ্ঠ অধ্যায়ে কুটুম-কাটাম সম্পর্কে নিজের অভিজ্ঞতা ভাগ করে নিতে নিতে লেখক একটি দ্বন্দ্বের উপস্থাপনা করেছেন— কুটুম-কাটাম কি শুধুই একটি সংগ্রহমাত্র অথবা এটি একটি স্বতন্ত্র সৃষ্টি? সপ্তম অধ্যায়ে কুটুম-কাটাম তৈরির ধারাবাহিক ও পর্যায়ক্রমিক পদ্ধতির সূচারু বিবরণ তুলে ধরেছেন লেখক। আগ্রহী পাঠক ও ভাবী শিল্পীমাত্রই এই অধ্যায় থেকে কুটুম-কাটাম প্রস্তুতির একটি প্রাথমিক ও স্বচ্ছ ধারণা পাবেন বলে মনে হয়।

অষ্টম অধ্যায়ে বিভিন্ন ছবির পর্যায়ক্রমের মাধ্যমে লেখক তথা শিল্পী তাঁর তৈরি একাধিক কুটুম-কাটামের ক্রমোন্নতির পথটি দেখিয়েছেন। এই ব্যাখ্যা ও ছবিগুলি নিঃসন্দেহে পূর্ববর্তী

অধ্যায়গুলিতে কুটুম-কাটামের বিবরণকেই পাঠকের কাছে আরও প্রাঞ্জল করে তুলবে। ‘কুটুম-কাটামের রকমফের’ অধ্যায়ে লেখক বিভিন্ন দেশে, বর্তমান ও পূর্ব পরিস্থিতিতে, কুটুম-কাটামের রকমভেদটিকে ছবিসহ দেখিয়েছেন। পরবর্তী দু’টি অধ্যায়ে ভগীরথ মিশ্র কুটুম-কাটামের প্রদর্শন ও সংরক্ষণের একাধিক সঠিক পদ্ধতি ব্যাখ্যা করেছেন। দ্বাদশ অধ্যায়টি এই বইয়ের অন্যতম গুরুত্বপূর্ণ অধ্যায়— এই অধ্যায়ে লেখক তুলে ধরেছেন কীভাবে কুটুম-কাটাম, বিশেষত গ্রামাঞ্চলে, একটি সম্ভাব্য কুটিরশিল্পে পরিণত হতে পারে। লেখকের পরামর্শকে বাস্তবায়নের চেষ্টা করলে কুটুম-কাটামের বাণিজ্যিক দিকটিও উন্মোচন করা যাবে বলেই মনে হয়। কুটুম-কাটাম যে শুধুই একটি শিল্পমাত্র নয়, তা যে একটি দর্শনও, তাও উঠে আসে লেখকের কথাতেই— “বাস্তবিক, ‘ছোট যে হয় অনেক সময় বড়’র দাবি দাবিয়ে চলে’ কুটুম-কাটাম বানাতে বানাতেই বোধ করি এই পরম সত্যটিকে প্রতি মুহূর্তে উপলব্ধি করবার সুযোগ ঘটে।” (পৃ: ৮৬)

কুটুম-কাটাম সম্পর্কিত আলোচনা শেষ হয় লেখকেরই চল্লিশ বছর আগে লেখা ‘কুটুম-কাটাম’ নামক একটি গল্পের মাধ্যমে। বইটির পরবর্তী অংশে (পরিশিষ্ট ১ এবং পরিশিষ্ট ২) লেখক কৃত কুটুম-কাটামের বিভিন্ন ছবি নিঃসন্দেহে পাঠকের মূল্যবান প্রাপ্তি।

প্রায় এক শত ছবি সম্বলিত এই বই প্রকাশকের দাবি অনুযায়ী, “কুটুম-কাটাম তৈরির পদ্ধতি ও প্রকরণ সংক্রান্ত বাংলা ভাষায় রচিত একমাত্র গ্রন্থ।” কথাসাহিত্যিক ভগীরথ মিশ্রের সঙ্গে বাঙালি পাঠকের পরিচিতি বহুদিনের, কিন্তু এই বইয়ের মাধ্যমে কুটুম-কাটামশিল্পী ভগীরথ মিশ্রের পরিচয়টিও উন্মোচিত হয়। অতি সহজ অথচ প্রাঞ্জল ভাষায় লেখা এ বই সাধারণ পাঠক থেকে শিল্পী সকলকেই আনন্দ দেবে সে কথা নিঃসন্দেহেই বলা যায়। অন্যদিকে, কুটুম-কাটাম তৈরির বিভিন্ন উপকরণ, পদ্ধতি, পর্যায়ক্রম,


সংরক্ষণ, বিপণন প্রভৃতির বিস্তারিত বিবরণ ও ব্যাখ্যার কারণে বইটি শুধুই একটি শিল্পসম্মত বই-ই হয়নি, বরং আক্ষরিক অর্থেই হয়ে উঠেছে একটি ব্যবহারিক বই। তবে বইটিতে ছবির এই বিপুল ব্যবহারের ক্ষেত্রে ছবির প্রতি আরও যত্নশীল হওয়া প্রয়োজন ছিল বলে মনে হয়। একাধিক ছবির 'লে আউট' ও 'রেজোলিউশন'-এর সমস্যা আখেরে ছবিগুলিরই ক্ষতি করেছে। কিছু ক্ষেত্রে বানান সম্পর্কিত সমস্যাও চোখে পড়ে। আশা

করা যায়, পরবর্তী সংস্করণে প্রকাশক ও লেখক এই বিষয়গুলিকে আরও গুরুত্বের সঙ্গে বিবেচনা করবেন। বিষয় ও প্রয়োগের নিরিখে বইটি আগ্রহী পাঠক ও শিল্পীকে কুটুম-কাটাম শিল্পমাধ্যম সম্পর্কে যথেষ্ট সাহায্য করবে বলেই মনে হয়।

সাগরিকা শূর

প্রকাশনা বিভাগ, দি এশিয়াটিক সোসাইটি

Just Published



₹1000

Books Processed during the Last Month

Ban
020.6095412
B616i

বিপ্লব কুমার চন্দ্র :

ইতিকথার আলোকে অতীতের নালন্দা
মহাবিহার ও তার গ্রন্থাগার/বিপ্লব কুমার চন্দ্র। -
কলকাতা : বইপিওন, ২০২৩।

৫৯ পৃ.; ২১ সেমি (B16412) (Dt. 20.04.24)
ISBN: 978-81-19818-02-0; টাকা : ১৫০.০০

Ban
090
M182a

মধ্যযুগের বাংলা সাহিত্যচর্চায় পুঁথির গুরুত্ব;

অনুপ কুমার সাঁতরা সম্পাদিত। - কলকাতা :
পুরুষোত্তম পাবলিশার্স, ২০২৪।

-খণ্ড; ২২ সেমি (B16402) (Dt. 16.09.20)
গ্রন্থাগারে ৩য় খণ্ড আছে।
গ্রন্থপঞ্জি ১৬৫-১৬৭

ISBN: 978-93-89485-98-1; টাকা : ২৯০.০০

Ban
401.4095492
N974I

নূরুর রহমান খান :

ভাষার বীজ থেকে একটি রাষ্ট্রের জন্ম/নূরুর
রহমান খান। - ঢাকা : বাংলাদেশ এশিয়াটিক
সোসাইটি, ২০২৩।

৪৫পৃ.; ২২ সেমি (B16401) (Dt. 18.04.24)

Ban
677.02824
T161s

টানা-পোড়েন : বাংলার তাঁতশিল্পের অতীত,

বর্তমান ও ভবিষ্যৎ; সম্পাদনা সুজিত কুমার দাস।

- কলকাতা : দি এশিয়াটিক সোসাইটি, ২০২৪।

১৪,১৪৪পৃ.; চিত্র (রঙিন); ২৪ সেমি (B16387-
92) (Dt. 12.04.24)

ISBN: 978-81-965082-4-1; টাকা : ৬০০.০০

Ban
891.2103
R165c

রামায়ণ। চন্দ্রাবতী রামায়ণ। ২০২৩ :

চন্দ্রাবতী রামায়ণ; অবতরণিকা রত্না বসু; অনুপ
কুমার সাঁতরা সম্পাদিত। - কলকাতা : পুরুষোত্তম
পাবলিশার্স।

১২৪পৃ.; ২৩ সেমি (B16403) (Dt. 18.04.24)
ISBN: 978-93-89485-06-6; টাকা : ২৫০.০০

Ban
891.4409
M917n

মোতাহেরা বানু সৈয়দা :

নজরুলের শিশু সাহিত্য (এম.ফিল.
গবেষণাপত্র)/সৈয়দা মোতাহেরা বানু। - ঢাকা:
নজরুল ইনস্টিটিউট, সংস্কৃত বিষয়ক মন্ত্রণালয়,
২০১৯।

১১১পৃ.; ২২ সেমি (B16409) (Dt. 20.04.24)

ISBN: 978-984-555-229-3; টাকা : ১০০.০০
(বাংলাদেশি)

Ban
891.4408
N162m

নজরুল, কাজী:

নজরুলের শিশু কিশোর সাহিত্য; সম্পাদনা
সৈয়দা মোতাহেরা বানু। ৩য় সং। - ঢাকা : কবি

নজরুল ইনস্টিটিউট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রালয়,
২০২০।

৩১৯পৃ.; ২২ সেমি (B16404) (Dt. 18.04.24)

সম্মুখচিত্র : কিশোর নজরুল

পরিশিষ্ট : কবিতা, সঙ্গীত, পুতুলের বিয়ে, মজুর
সাহিত্য। পৃ. ২৯৩-৩১৯

ISBN: 978-984-34-1949-1: টাকা : ২৫০.০০
(বাংলাদেশি)

Ban
891.4409
M917n

মোতাহেরা বানু সৈয়দা :

নজরুলের শিশু কিশোর সাহিত্য: বিবিধ প্রসঙ্গ/
সৈয়দা মোতাহেরা বানু। - ঢাকা: নজরুল ইসলাম
সংস্কৃত বিষয়ক মন্ত্রনালয়, ২০২১।

১৬০পৃ.; ২২ সেমি (B16408) (Dt. 20.04.24)

ISBN: 978-984-555-045-1: টাকা : ১৬০.০০
(বাংলাদেশি)

Ban
891.4409
M917s

মোতাহেরা বানু সৈয়দা :

সমকালীন বাংলা শিশু সাহিত্য ও কাজী নজরুল
ইসলাম [১৯০০-১৯৪০]/সৈয়দা মোতাহেরা বানু।
- ঢাকা: নজরুল ইনস্টিটিউট, ২০১০।

২১৯পৃ.; ২২ সেমি (B16407) (Dt. 18.04.24)

পরিশিষ্ট : পৃ. ২০৮-২১৯

ISBN: 978-984-555-407-5: টাকা : ১০০.০০
(বাংলাদেশি)

Ban
891.442
R943a

রনুরঞ্জন দেব :

অমূল্য নাটক: বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ, মহাভারত/
রনুরঞ্জন দেব - কলকাতা: শিরোপা, ২০২২।

১৮৪পৃ.; ২২ সেমি (B16411) (Dt. 20.04.24)

টাকা : ২০০.০০

Ban
891.444
C454n

চণ্ডীচরণ চট্টরাজ :

নানা স্বাদে সরস্বতী (একের মধ্যে বহু)/চণ্ডীচরণ
চট্টরাজ। - আসানসোল, কলকাতা : কোলাজ
পাবলিকেশন, ২০২২।

১৪৪পৃ.; ২১ সেমি (B16410) (Dt. 20.04.24)

ISBN: 978-81-956125-0-8: টাকা : ১৫০.০০

Ban
891.451
B239

বারোটি বোরো ছোট গল্প :

অনুবাদ-আবেক্ষণ; আদা রাম বসুমাতারি;
সম্পাদনা চন্দ্রমল্লী সেনগুপ্ত ও সায়ন্তন দাশগুপ্ত।
- কলকাতা : দি এশিয়াটিক সোসাইটি, ২০২৩।

১৪,৯১পৃ.; ২২ সেমি (B16393-98) (Dt.
12.04.24)

ISBN: 978-81-965082-7-2: টাকা : ৩০০.০০

Ban
891.454
A598p
2c

অনিমা পাল :

পশ্চিমবঙ্গের চাঁই উপভাষার সমীক্ষা/অনিমা
পাল। - কলকাতা : বঙ্গীয় সাহিত্য সংসদ, ১৪৩০।

১৫৯পৃ.; চিত্রাবলী : মানচিত্র; ২৩ সেমি
(B16405-6) (Dt. 18.04.24)

ISBN: 978-93-90993-53-6: টাকা : ৫০০.০০

Ban
910.2
R161p

রাজেন্দ্রলাল মিত্র :

প্রাকৃত ভূগোল অর্থাৎ ভূমণ্ডলের নৈসর্গিকাবস্থা-
বর্ণন-বিষয়ক গ্রন্থ/রাজেন্দ্রলাল মিত্র; পুরোবাক
তপতী মুখোপাধ্যায়; প্রাককখন মলয় মুখোপাধ্যায়।

- কলকাতা : দি এশিয়াটিক সোসাইটি, ২০২৩।

৩০,১৬২পৃ.; ২২ সেমি (B16381-86) (Dt.
09.04.24)

প্রথম প্রকাশ ১৭৭৬ শকাব্দে ব্যক্তিষ্ট মিশন যন্ত্র,

কলিকাতা।

ISBN: 978-81-959722-4-1: টাকা : ৪০০.০০

Ban
922.945
S563r

শিবসৌম্য বিশ্বাস:

রামকৃষ্ণ ভাবান্দোলনের পটভূমি রাসমণির
জন্মভূমি/শিবসৌম্য বিশ্বাস। - কলিকাতা : তুহিনা
প্রকাশনী, ২০২২।

৯৬পৃ.; ২২ সেমি (B16311) (Dt. 18.11.23)

গ্রন্থপঞ্জী হালিশহর : পৃ. ৯৫-৯৬

ISBN: 978-93-95398-08-4: টাকা : ১৫০.০০

Ban
954.92
C535l

ছিদ্দিকুর রহমান খান মোহাম্মদ:

বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি ১৯৫২-
২০২৩/মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। - ঢাকা :
ইতিবৃত্ত প্রকাশন, ২০২৩।

এগার, ১৭৬পৃ.; চিত্রাবলী; ২২ সেমি (B16400)
(Dt. 18.04.24)

তথ্যপঞ্জী : পৃ. ১৭৫-১৭৬

ISBN: 978-984-35-21-58-3: টাকা: ৩৫০.০০

S
181.41
I87s

Íśvarakṛṣṇa

A study of the Sāṅkhya-kārikā of
Íśvarakṛṣṇa/by S.P. Dasgupta and
J.N. Mukherjee. —Kolkata : Balaram
Prakashani, 2004.

xviii, 162p.; 23cm. (S6221) (Dt.
14.08.08)

Sloka Index : p. 157-162
Rs. 125.00.

S
181.43
A613t.a.

Annambhatta

Taraksamgraha/with auto commentary

Dipika by Annambhatta; edited with
Bengali translation by Anamika Roy
Choudhury -2nd rev. ed. —Kolkata :
Sanskrit Pustak Bhandar, 2003.

xix, 172p.; 22cm. (S6230) (Dt. 14.08.08)

1st published 1998

Rs. 85.00.

S

181.43

A613t.b.

Annambhatta

Taraksamgraha/with auto commentary
Dipika by Annambhatta; with Bengali
translation of the text and commentary
by Niranjanswarup Brahmachari; edited
by Rabindranath Shastri. —Kolkata :
Sanskrit Pustak Bhandar, 2007.

xiv, 411p.; 22cm. (S6231) (Dt. 14.08.08)

With question and answer of C.U.

Frontis

Rs. 125.00.

S

181.48

S124v

Sadananda

Vedanta-sara/with English translation
by J.R. Belentine; edited with Hindi
translation by S. Jain. —Delhi : Oriental
Book Centre, 2007.

92p.; 22cm. (S6246) (Dt. 19.08.08)

ISBN: 81-8315-0497 : Rs. 70.00.

S

181.482

D533v

Dharmarājādharīndra

Vedantaparibhāṣā/Dharmarājā
dharīndra; with Bengali translation and
commentary by Saratcchandra Ghoshal;
edited by Karunasindhu Das. - enl. & rev.
ed. —Kolkata : Sanskrit Sahitya Parisad,
2004.

xviii, 160p.; 22cm. (S6245) (Dt.
19.08.08)

Indexes : p. 147-60

1st published : 1995

Text in Bengali script.

Rs. 50.00.

S
294.5513
S132

Śaiva Upanisads; with commentary
by Upanisad Brahmayogin; edited by
Mahadevashastry. —Delhi : Oriental Book
Centre, 2008.
xix, 215p.; 23cm. (S6209) (Dt. 14.08.08)
Word Index : p. 206-215
ISBN : 81-8315-086-1 : Rs. 400.00.

S
294.5513
V711

Vijñāna Bhairava = The Practice of centring
Awareness; with English commentary
by Lakshman Joo. —Varanasi : Indica
Books, 2002.
xxv, 197p.; 23cm. (S6247) (Dt. 19.08.08)
Frontis
Glossary : p. 187-197
This book is one of the important trantra
of Kashmiri Saivism.
ISBN : 81-86569-35-9 : Rs. 350.00.

S
294.5926
U54b

Īnavimśati samhitā/compiled
and translated by Pañchanan Tarkaratna;
edited with Bengali translation by Asok
Kumar Bandyopadhyaya. —Kolkata :
Sanskrit Pustak Bhandar, 2000 (1407
Ban.).
xxv, 500p.; 23cm. (S6236) (Dt. 14.08.08)
Rs. 300.00.

S
294.595
M232t

Maitreya Rakṣita
Tantrapradīpa of Maitreya Rakṣita : a
Treatise on Kasika and Nyāsa; edited by
Dileep Kumar Kanjilal in collaboration
with Kripamayee Kanjilal. —Kolkata :
Sanskrit Pustak Bhandar, 2007.
267p.; 22cm. (S6226) (Dt. 14.08.08)
Rs. 300.00.

S
491.25
V128p

Vaiyakaraṇasiddhantakoumudi
(Taddhita Prakarana) (Apatya-
Matvartha-Atishayya pratya); edited
with Bengali translation by Parbati
Chakraborty. —Kolkata : Sanskrit Pustak
Bhandar, 2006.
v, 144p.; 22cm. (S6208) (Dt. 14.08.08)
Word Index : p. 139-144
Text in Bengali script.
Rs. 60.00.

S
491.2509
K18s

Karunasindhu Das
Semantico-syntactic relations-
a philosophical approach/by Karunasindhu
Das; with Abhirāma's Kāratippani of
the Saṁkṣiptasāra. —Kolkata : Sanskrit
Pustak Bhandar, 1994.
215p.; 23cm. (S6205) (Dt. 14.08.08)
Rs. 400.00.

S
491.35
M345p.s.

Mārkaṇḍeya Kabindra
Prākṛt sarvasvam/Mārkaṇḍeya
Kabindra : A Prakrit grammar of the
17th century; edited with introduction and
notes by Satyaranjan Banerjee. —Kolkata
: Sanskrit Pustak Bhandar, 2007.
xiv, 130p.; 23cm. (S6219) (Dt. 14.08.08)
Rs. 100.00.

S
729.44
B351v

Bāuri Mahārāna
Vāstu-sāstram : Silpa sāstram a Sanskrit
treatise on Ancient Indian architecture/by
Bauri Mahārāna; with English translation
by P.N. Bose; edited by Manabendu
Banerjee. —Calcutta : Sanskrit Pustak
Bhandar, 2001.
xxviii, 58p.; 22cm. (S6244) (Dt. 19.08.08)
Also known as Shilpasāstra Ascribed
to Visvakarma consisting with Uriya text
originally written by Bauri Maharana.

With Appendice.
Appendix II : Mauasara Chap 4 & 5 with
English translation.
Rs. 75.00.

S
808.04912
A646t

Appayadiksita

Trayi : Appayabirachitasya
alamkaragranthasya samiksa / by
Satyanarayana Chakraborty. —Kolkata :
Sanskrit Pustak Bhandar, 1999.
207p.; 22cm. (S6233) (Dt. 14.08.08)
Bibliography : p. 198-207

Book on Alamkarasastra.
Rs. 100.00.

S
891.22
B575s.s.

Bhasa

Svapnavasavadattam/Bhasa; edited
with Bengali translation by Shanti
Bandyapadhyaya. - 6th Rev. ed. —Kolkata
: Sanskrit Bhandar, Bangla 1411 [2003].
340p.; 22cm. (S6224)
With question and answer.
1st published Bangla 1402.
Rs. 90.00.

Three-Day Training Programme on 'Development of Disaster Management Plans for Libraries and Archives'

The Asiatic Society, Kolkata in collaboration with National Institute of Disaster Management (NIDM) has organised a Three-Day Training Programme on the 'Development of Disaster Management Plans for Libraries and Archives' from 17 to 19 December 2024 at 10:30 a.m. at the Vidyasagar Hall of The Asiatic Society. The opening day of the programme commenced with the garlanding of the bust of Pandit Ishwar Chandra Vidyasagar by Lieutenant Colonel Anant Sinha, Administrator of the Society. The inauguration of the programme was observed with a lamp-lighting ceremony by Administrator of the Society, Dr. Ajinder Walia, Associate Professor and HOD (GIDRR Division), NIDM and Shri Arupratan Bagchi, Administrative Officer of the Society. Welcome Address was delivered by the Administrative Officer of the Society whereas the Inaugural Address was delivered by Administrator of the Society following which Dr. Walia gave an overview and shared her insights on the theme and objectives of the programme. The session concluded with a Vote of Thanks given by Dr. Shakti Mukherji, Research Officer-in-Charge of the Society. Dr. Ajinder Walia, Professor Naushad Ali, Department of Library & Information Science and Shri Shyamal Baran Mukherjee, Indian Red Cross Society, West Bengal State Branch gave lecture and demonstration in the technical session of the programme. A live demonstration session on 'Fire Safety in Disaster' was conducted under the supervision of Shri Arpan Ghosh, Security Officer of the Society.

In the Second Day, Dr. Ajinder Walia and Ms. Annyesha Purkait, Young Professional of NIDM gave lecture and demonstration. The day concluded with an engaging demonstration session on Search & Rescue in Disaster by the personnel of National Disaster Response Force (NDRF), 2nd Battalion, Kolkata.

In the Final Day, Dr. Ananda Bhattacharya, Assistant Director (Retd.), West Bengal State Archives, Dr. Sushanta Banerjee, Librarian of West Bengal State University and Dr. Walia delivered lectures. Valedictory Addresses were delivered by Professor (Dr.) Ajay Pratap Singh, Director General of National Library of India & Raja Rammohun Roy Library Foundation and Dr. Rajendra Yadav, Superintending Archaeologist of the Archaeological Survey of India, Kolkata Circle respectively. The session concluded with a formal Vote of Thanks delivered by the Administrator of the Society.




Professor (Dr.) Ajay Pratap Singh and Dr. Rajendra Yadav awarding Certificate & Souvenir to Farhin Saba, Cataloguer (Museum), The Asiatic Society in presence of Lieutenant Colonel Anant Sinha and Dr. Ajinder Walia

Akash Das

Academic Section, The Asiatic Society

Just Published



CONTENTS

EDITORIAL	v
FOREWORD	
Scholarship Indelible: James Prinsep (1799–1840) <i>Rajat Sanyal</i>	1–22
ARTICLES	
James Prinsep: The Architect of the Revival of Thwarted Oriental Studies in India and its Global Impact <i>Tapati Mukherjee and Sujata Mishra</i>	23–34
On the Shoulders of... : Uncovering the Critical Role of Knowledge Diffusion through Peer Influence Network underlying Prinsep's Decipherment of Brāhmi <i>Sitabhra Sinha and Nandini Mitra</i>	35–62
Decipherment of Early Indian Inscriptions: The Pre-Prinsep Era <i>Sayantani Pal</i>	63–78
On the Brink of the Third Century of Indic Epigraphic Publication <i>Dániel Balogh</i>	79–108
<i>Benares Illustrated</i> : Dawn of a New Picturesque <i>Indrajit Chaudhuri</i>	109–134

Assaying the Assay Master: James Prinsep and His Engagement with Coins <i>Susmita Basu Majumdar</i>	135–148
James Prinsep and His Numismatic Collection at the British Museum <i>Sutapa Sinha</i>	149–176
James Prinsep—A Doyen of the Chemical Kingdom <i>Syamal Chakrabarti</i>	177–192
James Prinsep's Journal: The Formative Period <i>Sukhendu Bikash Pal and Shakti Mukherji</i>	193–206
James Prinsep (1799–1840): An Annotated Bibliography <i>Anuja Bose</i>	207–230

COMMUNICATION

James Prinsep's Lions <i>Anant Sinha</i>	231–238
---	---------

GLEANINGS FROM THE PAST 1

Census of the Population of the City of Benares <i>James Prinsep</i>	239–268
---	---------

NOTES ON GLEANINGS

Population of Banaras City in the Late 1820s: Rediscovering Prinsep as an Early Demographer <i>Arun Bandopadhyay</i>	269–274
---	---------

GLEANINGS FROM THE PAST 2

Facsimiles of Various Ancient Inscriptions from Buddha-Gaya <i>James Prinsep</i>	Inscriptions: 275–280
---	--------------------------

NOTES ON GLEANINGS

Ahead of Time: James Prinsep's Musings on an Inscription from Bodhgaya in 'Gaur' Script <i>Rajat Sanyal</i>	281–290
--	---------

GLEANINGS FROM THE PAST 3

Discovery of the Name of Antiochus the Great, in Two of the Edicts of Asoka, King of India <i>James Prinsep</i>	291–303
--	---------

NOTES ON GLEANINGS

Prinsep, Aśoka and Antiochus: A Peek into their Connected World <i>Suchandra Ghosh</i>	305–311
---	---------

BOOK REVIEW

Malcolm Allbrook. <i>Henry Prinsep's Empire: Framing a Distant Colony</i> , Australian National University Press, Canberra, 2014 <i>Shreya Mandal</i>	313–318
--	---------

2025

LIST OF HOLIDAYS

	S	M	T	W	T	F	S
JANUARY				1	2	3	4
	5	6	7	8	9	10	11
	12	13	14	15	16	17	18
	19	20	21	22	23	24	25
	26	27	28	29	30	31	6
FEBRUARY							1
	2	3	4	5	6	7	8
	9	10	11	12	13	14	15
	16	17	18	19	20	21	22
	23	24	25	26	27	28	
MARCH	30	31					1
	2	3	4	5	6	7	8
	9	10	11	12	13	14	15
	16	17	18	19	20	21	22
	23	24	25	26	27	28	29
APRIL			1	2	3	4	5
	6	7	8	9	10	11	12
	13	14	15	16	17	18	19
	20	21	22	23	24	25	26
	27	28	29	30			
MAY					1	2	3
	4	5	6	7	8	9	10
	11	12	13	14	15	16	17
	18	19	20	21	22	23	24
	25	26	27	28	29	30	31
JUNE	1	2	3	4	5	6	7
	8	9	10	11	12	13	14
	15	16	17	18	19	20	21
	22	23	24	25	26	27	28
	29	30					

Holiday	Date	Day
Republic Day	26.10.2025	Sunday
Holi	14.03.2025	Friday
Id-ul-Fitr	31.03.2025	Monday
Mahavir Jayanti	10.04.2025	Thursday
Vaisakhadi (Bengal)/Bhag Bihu (Assam)	15.04.2025	Tuesday
Good Friday	18.04.2025	Friday
Buddha Purnima	12.05.2025	Monday
Id-Uz-Zuha (Bakrid)	07.06.2025	Saturday
Muharram	06.07.2025	Sunday

	S	M	T	W	T	F	S
JULY			1	2	3	4	5
	6	7	8	9	10	11	12
	13	14	15	16	17	18	19
	20	21	22	23	24	25	26
	27	28	29	30	31		
AUGUST						1	2
	3	4	5	6	7	8	9
	10	11	12	13	14	15	16
	17	18	19	20	21	22	23
	24	25	26	27	28	29	30
SEPTEMBER		1	2	3	4	5	6
	7	8	9	10	11	12	13
	14	15	16	17	18	19	20
	21	22	23	24	25	26	27
	28	29	30				
OCTOBER				1	2	3	4
	5	6	7	8	9	10	11
	12	13	14	15	16	17	18
	19	20	21	22	23	24	25
	26	27	28	29	30	31	
NOVEMBER	30						1
	2	3	4	5	6	7	8
	9	10	11	12	13	14	15
	16	17	18	19	20	21	22
	23	24	25	26	27	28	29
DECEMBER		1	2	3	4	5	6
	7	8	9	10	11	12	13
	14	15	16	17	18	19	20
	21	22	23	24	25	26	27
	28	29	30	31			

Holiday	Date	Day
Independence Day	15.08.2025	Friday
Milad-un-Nabi or Id-E-Milad (Birth-day of Prophet of Mohammad)	05.09.2025	Friday
Dussehra (Mahanavami) (Additional Day)	01.10.2025	Wednesday
Dussehra (Vijaya Dashami)	02.10.2025	Thursday
Mahatma Gandhi's Birthday	02.10.2025	Thursday
Diwali (Deepavali)	20.10.2025	Monday
Guru Nanak's Birthday	05.11.2025	Wednesday
Christmas Day	25.12.2025	Thursday